THE

HOMŒOPATHIC THERAPEUTICS

OF

DIARRHŒA

Dysentery, Cholera, Cholera Morbus, Cholera Infantum

AND

ALL OTHER LOOSE EVACUATIONS OF THE BOWELS

BY

JAMES B. BELL, M. D.

Translated into Benrali

BY

P. C. MAJUMDAR, M. D.

Third Edition.

উপহার।

প্রিয়বর

শ্রীযুক্ত পরেশনাথ চট্টোপাধ্যায়,

এল, এম, এস।

প্রিয় পরেশ!

পাঠ্যাবস্থার অকৃত্রিম প্রণয়ের চিহ্ন স্বরূপ অদ্য তোমার হস্তে অতি আদরের সহিত এই ক্ষুদ্র পুস্তকখানি প্রদান করিলাম, গ্রহণ করিলে সুখী হইব।

তোমার একান্ত

শ্রীপ্রতাপচন্দ্র মজুমদার,

২০৩।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

দ্বিতীয় সংস্করণের বিজ্ঞাপন।

এই ক্ষুদ্র পুস্তকখানির দ্বিতীয় সংস্করণ যে প্রকাশিত হইবে ইহা মনে করি নাই। ইহার সঙ্গে আমার আন্তরিক কষ্টের একটী বৃত্তান্ত সংযুক্ত আছে। একটু প্রকাশ করিয়া না বলিলে পাঠকেরা বুঝিতে পারিবেন না। ইহাতে আমার আন্তরিক যন্ত্রণার কতক লাঘব হইবে বিবেচনা করিয়াই লিখিলাম।

বেল সাহেবের পুস্তক যে আমি অনুবাদ করিতে প্রবৃত্ত হইব ইহা কখনই মনে উদয় হয় নাই। আমার কনিষ্ঠ সহোদর শ্রীমান্ জানকীনাথ এই কার্য্যে প্রবৃত্ত হইতে আমাকে উৎসাহিত করে, আমি প্রথমে তাহার কথায় কর্ণপাত করি নাই। তাহাতে সে কতক অংশ আপনি অনুবাদ করিয়া আমাকে দেখায়, তখন আমি বুঝিলাম ইহা আমাকে করিতেই হইবে। ইহাতে সে আমাকে যথেষ্ট সাহায্য করিতে আরম্ভ করিল। সেইজন্য আমি তাহার নামেই ইহা মুদ্রিত করিবার প্রস্তাব করিলাম। "আমি ত চিকিৎসক নহি, ইহাতে আমার অধিকার নাই" বলিয়া অতি নম্রভাবে সে তাহার নাম প্রকাশ করিতে অস্বীকার করিল। তখন আমি প্রস্তাব করিলাম ইহা তোমার নামে উৎসর্গ করি, কিন্তু তাহার এরূপ বিনীত স্বভাব ছিল যে, সে তাহাতেও অস্বীকৃত হইয়া বলিল, আপনার হৃদয়ের বন্ধু পরেশনাথের নামে ইহা উৎসর্গীকৃত করুন। ইহার কিছুদিন পূর্ব্বে সাংঘাতিক পীড়ায় আক্রান্ত হইয়া জানকীনাথ ভাগলপুরে পরেশনাথের বাড়ীতে বায়ু পরিবর্ত্তনার্থ অবস্থিতি করিয়াছিল। সেই উপকার স্মরণ করিয়া আমার নিকট এই প্রস্তাব করে।

পরেশনাথের অমায়িক স্বভাবে মুগ্ধ হইয়াই, আমি তাহার প্রস্তাবে সম্মত হইলাম। দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইবার পূর্ব্বেই জানকীনাথ ইহ সংসার পরিত্যাগ করিয়া গিয়াছে। সেই জন্য আমি আজ এই বিবরণ জনসমাজে প্রচার করিলাম। তাহার যেরূপ নম্র স্বভাব ও বিনীত ভাব ছিল, জীবিত থাকিলে সে এ কথা সাধারণের নিকট প্রকাশ করিতে দিত না।

এই সংস্করণে অনেক স্থান পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়াছে। চারি পাঁচটী ঔষধ নূতন সন্নিবেশিত হইয়াছে। পুস্তকের শেষে ওলাউঠার চিকিৎসা পৃথকভাবে লিখিত হইয়াছে। এটী বেল সাহেবের পুস্তকে নাই। সাধারণের সুবিধার জন্য এটী আমি স্বয়ং লিখিয়া ইহাতে সংযোজিত করিয়া দিয়াছি। পুস্তকখানি সাধ্যানুসারে সর্ব্বাঙ্গসুন্দর করিতে চেষ্টা করিয়াছি। এক্ষণে সাধারণের উপকারে আসিলেই শ্রম সফল জ্ঞান করিব।

শ্রীপ্রতাপচন্দ্র শর্ম্মা।

তৃতীয় সংস্করণের বিজ্ঞাপন।

এত অল্প সময়ের মধ্যে যে দ্বিতীয় সংস্করণ নিঃশেষ হইবে, তাহা কখনই মনে করি নাই। তৃতীয় সংস্করণে বিশেষ কিছু পরিবর্ত্তন করা হয় নাই। তবে অনেক স্থান সংশোধিত ও ভাষা প্রাঞ্জল করা হইয়াছে। এ বিষয়ে আমার বন্ধুবর শ্রীযুক্ত নন্দলাল চট্টোপাধ্যায় মহাশয় অনেক সাহায্য করিয়াছেন।

শ্রীপ্রতাপচন্দ্র মজুমদার,
২০৩।১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

সূচীপত্র।

বিষয়।	পৃষ্ঠা।
আইরিস	৬৮
আর্জেণ্টম নাইট্রিকম	১৪
আর্ণিকা	১৫
আর্সেনিক	১৬
ইণ্ডিউজা	৪
ইপিকাকুয়ানা	৫৮
উদ্গার ...	১৩৮
একোনাইট	১
এণ্টিমোনিয়ম ক্রুডম	১০
এণ্টিমোনিয়ম্ টার্ট	১১
এপিস	১২
এমোনিয়া মিউরিয়েটিকা	৯
এলুমিনা	৮
এলোজ	৫
এস্কিউলস্	৩
ওপিয়ম	৭৩
ওলাউঠা রোগ চিকিৎসা	১৬০
কফিয়া	৪৪
কল্চিকম	৪৫
কলোসিন্থ	৪৭
কষ্টিকম	৩৬

বিষয়।	পৃষ্ঠা।
কার্ব্বলিক এসিড	৩৫
কার্ব্বো ভেজিটেবিলিস	৩৩
ক্যান্থারিস	৩০
ক্যামোমিলা	৩৭
ক্যাম্ফর	২৮
ক্যাল্‌কেরিয়া কার্ব্ব	২৪
ক্যাল্‌কেরিয়া ফস্‌	২৬
কিউপ্রম	৫০
কেপ্‌সিকম	৩১
ক্রোটন	৪৮
গণ্ডদেশ	১৫১
গমিগটী	৫৬
গলকোষ	১৩৩
গলনালী	১৩২
গ্রাফাইটিস	৫৩
চক্ষু ও কর্ণ	১২৪
চায়না	৪৩
চিকিৎসা প্রদর্শিকা	৮৯
চেলিডোনিয়ম	৩৯
জননেন্দ্রিয়	১৫০
জ্বর	১৫৫
জেট্রোফা	৫৭
জেল্‌সিমিয়ম	৫৫

বিষয়।	পৃষ্ঠা।
ড্যালকামারা	৫২
ডিজিটেলিস	৫১
তলপেট	১৪৩
ত্বক	১৫৭
নক্সভমিকা	৭০
নাসিকা	১২৫
নিদ্রা	১৫৩
নেট্রম মিউরিয়েটিকম	৬৮
নেট্রম সলফ	৬৯
পডোফাইলম	৭৮
পল্সেটিলা	৮২
প্রস্রাব	১৪৭
প্লম্বম	৭৭
পাকাশয়	১৪২
পৃষ্ঠ	১৫১
ফস্ফরস	৭৪
ফস্ফরিক এসিড	৭৬
বমন ও বমনোদ্রেক	১৩৮
বক্ষঃস্থল	১৫০
ব্যাপ্টিসিয়া	১৯
বেলেডনা	২১
ব্রাইওনিয়া	২৩
ভেরেট্রম	৮৭

বিষয়।	পৃষ্ঠা
মন ও মানসিক অবস্থা	১২
মলত্যাগের পূর্ব্বে বিরেচনের আনুষঙ্গিক লক্ষণ	১১
মলত্যাগকালীন ঐ	১১
মলত্যাগের পর ঐ	১২
*মলদ্বার	১৪
মলের অবস্থা ও আনুষঙ্গিক উপসর্গ	১০
মলের আকার ও লক্ষণ	৯০
মার্কুরিয়স কর	৬৪
মার্কুরিয়স সল	৬৫
মুখমণ্ডল	১২৫
মুখ	১২৮
লাইকোপোডিয়ম	৬২
লেপ্টাণ্ড্রা	৬১
শাখা প্রশাখা	১৫২
সল্ফর	৮৪
সাধারণ আনুষঙ্গিক	১২৪
সাধারণ লক্ষণ	১৫৮
সিকিউটা ভাইরোসা	৪২
সিনা	৪০
সোরিনম	৮০
ক্ষুধা	১০৬

হোমিওপেথিক চিকিৎসা।



একোনাইট।

(ACONITE.)

মল—জলের মত পাতলা; কাল; সবুজ; পিত্তবিশিষ্ট; দুর্গন্ধযুক্ত, রক্তবিশিষ্ট, আটার মত; শ্লেষ্মাযুক্ত; অল্প; বার বার হওয়া (রক্ত আমাশয়ের মল); ইচ্ছার বিরুদ্ধে (বায়ু নিঃসরণ হওয়ার সময়)।

বৃদ্ধি—গ্রীষ্মকালে, ঠাণ্ডা রাত্রিতে, ভিজার পর, অত্যন্ত গরম হওয়ার পর; ঠাণ্ডা অথবা গরম বাতাসে ভ্রমণ বা বৃষ্টিতে ভিজার পর; রাগান্বিত অথবা ভীত হওয়ার পর; ঘর্ম্মাবরোধের পর; রাত্রিতে এবং ফল খাইলে বৃদ্ধি।

হ্রাস—গরম ব্যঞ্জন খাওয়ার পর (বেদনা); মলত্যাগের পূর্ব্বে কর্ত্তনবৎ বেদনা; বমনোদ্রেক ও ঘর্ম্ম।

মলত্যাগকালীন—কর্ত্তনবৎ বেদনা; কোঁথ দেওয়া; বায়ু নির্গমন (জলের মত মল নিঃসরণ)।

মলত্যাগের পর—বমনোদ্রেক ও ঘর্ম্ম সত্ত্বেও আরাম বোধ। চিন্তা; মৃত্যুভয়; অস্থিরতা; মাথাঘোরা; উঠিয়া বসিতে গেলে মূর্চ্ছা যাওয়া অথবা মুখ ফেঁকাশে হওয়া; শুইলে মুখমণ্ডল রক্তবর্ণ

হওয়া; জল ভিন্ন অন্যান্য বস্তুতে তিক্ত স্বাদ; ওষ্ঠ শুষ্ক ও বিবর্ণ; অসহ্য তৃষ্ণা, বমনোদ্রেক; রক্ত, পিত্ত ও শ্লেষ্মা বমন; ঘর্ম্মকালীন খাদ্য বমন; পাকস্থলীতে শীতল পাথর রহিয়াছে বোধ; তলপেট স্ফীত ও হাত দিলে বেদনা বোধ; তলপেটে কর্ত্তনবৎ বেদনা, মস্তকে, স্কন্ধে ও ঘাড়ে বাতের বেদনা; দুর্গন্ধবিশিষ্ট অল্প রক্তবর্ণ সেডিমেণ্ট-বিহীন প্রস্রাব; নিদ্রাহীনতা; সমস্ত শরীর সাধারণতঃ শুষ্ক। কঠিন ও দ্রুতগতি নাড়ী।

আভ্যন্তরিক কম্পন, চর্ম্ম শুষ্ক ও গরম, শরীর ঢাকিয়া রাখিতে অনিচ্ছা, শরীরের আবৃত অংশে ঘর্ম্ম।

ওলাউঠায়—স্ফূর্ত্তি-হীন চেহারা, মুখ নীলবর্ণ, ওষ্ঠ কৃষ্ণবর্ণ; ভয়াতুর; হাত পা ঠাণ্ডা ও নখ নীলবর্ণ, নাড়ী পাওয়া যায় না, পতনাবস্থা।

একোনাইট উদরের তরুণ রোগের প্রথমাবস্থায় প্রয়োগ করিলে বিশেষ কার্য্যকারী হয়, এমন কি উপযুক্তরূপ প্রয়োগে আমরক্ত ও ওলাউঠা, অন্য ঔষধের সাহায্য ব্যতীত, সম্পূর্ণরূপে আরোগ্য হইতে পারে। আমরক্ত রোগে মার্কুরিয়স কর ব্যবহারে উপকার না হইলে, একোনাইটের সঙ্গে পর্য্যায়ক্রমে ব্যবহারে উপকার দর্শে। ডল্কেমারার সহিত ইহার কার্য্যকারিতার অনেক সৌসাদৃশ্য আছে এবং উহা ঐ ঔষধের পরেই ব্যবহৃত হয়।

এস্‌কিউলস হিপোকেষ্টেনম্‌।

(ÆSCULUS HIPPOCASTANUM.)

মল—কর্দ্দমবৎ ; সাদা ; ধূসরবর্ণ ; প্রথমাংশ কাল ও শেষ ভাগ দুধের ন্যায় সাদা ; রক্তযুক্ত ও কাদার ন্যায় (অর্শ-রোগে)।

মলত্যাগের পূর্ব্বে—পেট ডাকা ও নাভিমূলে কর্ত্তনবৎ বেদনা।

মলত্যাগকালীন—কোমরে ও সেক্রম অস্থিতে অতিশয় বেদনা ; দুর্ব্বলতা ; কোঁথ দেওয়া ; মলদ্বারে অসুখ বোধ ; দুর্গন্ধ-যুক্ত মলনিঃসরণ।

মলত্যাগের পর—তলপেটের বেদনার লাঘব বোধ।

আনুষঙ্গিক—বিষাদযুক্ত ও খিটখিটে ; সম্মুখ দিকে মাথা-ধরা ; তলপেটে বেদনা ও তলপেট ডাকা ; মলদ্বারে শুষ্ক ও গরম বোধ ও চুলকানি এবং তন্মধ্যে ছোট ছোট কাটা বিদ্ধ হইয়া থাকা বোধ ; শ্লৈষ্মিক ঝিল্লি স্ফীত বোধ হইয়া মলদ্বার বন্ধ ; মলদ্বারে জ্বালা ও পুড়িয়া যাওয়ার ন্যায় বেদনা, এবং স্ফীত হইয়া মলদ্বার বন্ধ। বেদনা, জ্বালা ও রক্তবর্ণ অর্শ।

যে সকল রোগী অনেক দিন পর্য্যন্ত পেটের পীড়া ভোগ করে ও তৎসঙ্গে তাহাদের অর্শ, এবং কোমর ও সেক্রম অস্থিতে বেদনা থাকে, তাহাদিগের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী।

ইথিউজা।

(ETHUSA CYNAPIUM.)

মল—পিত্তসংযুক্ত ; ঈষৎ হরিদ্রাবর্ণ ও জলবৎ সবুজবর্ণ, সবুজ আভাযুক্ত ধূসর, সবুজ-শ্লেষ্মা, রক্তবিশিষ্ট শ্লেষ্মা ; অজীর্ণ, অধিক পরিমাণে গন্ধহীন (সবুজবর্ণ মলত্যাগ)।

বৃদ্ধি—প্রাতঃকালে শয্যাত্যাগের পর ; বালকদিগের দন্ত উঠিবার সময়, গ্রীষ্মকালে।

মলত্যাগের পূর্ব্বে—তলপেটে খোঁচা বেঁধা ও কর্ত্তনবৎ বেদনা।

মলত্যাগের সময়—ভয়ানক কোঁথ দেওয়া।

মলত্যাগের পর—বেগ দেওয়া কিন্তু মলনিঃসরণ হয় না। অবসন্ন বোধ ও নিদ্রালুতা।

আনুষঙ্গিক—বৈকালে ও খোলা বায়ুতে ভ্রমণে খিট্‌খিটে ভাব, মুখ ফেঁকাশে, রক্তবর্ণ ও পরিবর্ত্তিত, ভয়ের সহিত পতনাবস্থা। মুখের ঘা (এপ্‌থি) ; ঘন ঘন পিপাসা, দুগ্ধ পান করিলে সহ্য হয় না, খাওয়াইলেই তৎক্ষণাৎ অবিকৃত দুগ্ধ উঠিয়া পড়ে। বমনেচ্ছা ব্যতিরেকে বমন, সবুজবর্ণ পিত্ত অথবা ফেণার ন্যায় সাদা বস্তু বমন, বেগে বমন, বমনের পরই অবসন্নতা ও নিদ্রা ; আক্ষেপযুক্ত হিক্কা। দুগ্ধ দধির মত চাপ হইয়া উঠিয়া পড়ে।

অজ্ঞানাবস্থা ; খেঁচুনী ; অঙ্গুলি মুষ্টিবদ্ধ করা ; চক্ষু নিম্ন দিকে নত ; কনীনিকা অনিমেষ এবং বিস্তৃত ; মুখে ফেণা উঠা, মুখ-মণ্ডল রক্তবর্ণ, দাঁত লাগা, নাড়ী দ্রুত, কঠিন এবং ক্ষীণ। শরীরের

উপরিভাগ ঠাণ্ডা ঘর্ম্মযুক্ত, শীতের সহিত নিদ্রালুতা; নিদ্রা-কালীন চমকিয়া উঠা; অত্যন্ত অবসন্নতা।

শিশুদিগের ওলাউঠার (Cholera Infantum) প্রবলাবস্থায় এই ঔষধ ব্যবহারে বিশেষ ফল লাভ করা যায়, কিন্তু কেবল এই ঔষধ প্রয়োগেই সম্পূর্ণরূপে আরোগ্য লাভের প্রত্যাশা করা যাইতে পারে না, সুতরাং ইহার অব্যবহিত পরেই, অবস্থা-ভেদে, সোরিনম, সিপিয়া ও সল্‌ফর ব্যবহার করা কর্ত্তব্য।

এলোজ।

(ALOES.)

মল—পীতবর্ণ; রক্ত সংযুক্ত আম; সবুজবর্ণ; পীতাভাযুক্ত সবুজবর্ণ অথবা উজ্জ্বল পীতবর্ণ; পিত্তসংযুক্ত আম; ধূসরবর্ণ, কাদার মত; রক্তবর্ণ জলীয়বৎ; বেগে গরম মল নির্গমন; অজীর্ণ মল, অনিচ্ছায় মলত্যাগ বা প্রস্রাব করা, অল্প পরিমাণে রক্ত আম; গুটী গুটী অথবা অল্প ভাঙ্গা ভাঙ্গা জলীয়বৎ মল; সামান্য দুর্গন্ধবিশিষ্ট পীতবর্ণ মল; দুর্গন্ধযুক্ত রক্তামাশয়।

বৃদ্ধি—শীত অথবা গ্রীষ্মকালে; বৈকালে, সন্ধ্যাকালে ও রাত্রিতে; শয্যায় শয়নসময়ে বৃদ্ধি; প্রাতে ৫টা হইতে ১০টা পর্য্যন্ত; অম্ল ব্যবহারে; মনের বিরক্তি থাকিলে; অতিশয় উত্তাপ ভোগ করিলে; সেঁতসেঁতে ঘরে অবস্থান জন্য ঠাণ্ডা লাগিলে, চলিলে বা দাঁড়াইয়া থাকিলে অথবা ভ্রমণ করিলে; আহারের পর; জল পানের পর; প্রস্রাবত্যাগ কালীন।

হ্রাস—সম্মুখদিকে বাঁকিয়া পড়িলে ও বায়ু নির্গমন হইলে।

মলত্যাগের পূর্ব্বে—মল ধারণে কষ্টবোধ; মলত্যাগ করিবার জন্য ব্যতিব্যস্ত, বস্তিকোটর পূর্ণ ও ভারি বোধ হয়, যেন মলদ্বার কোন তরল বস্তু দ্বারা পূর্ণ এবং ঐ তরল বস্তু যেন শীঘ্রই মলদ্বার হইতে বাহির হইয়া পড়িবে এরূপ বোধ হয়। মলদ্বারের শিথিলতা ও দুর্ব্বলতা; এবং বায়ুনিঃসরণকালে মল বাহির হইবে এমত বোধ।

ক্ষুদ্র অন্ত্রে পুড়িয়া যাওয়ার ন্যায়, সূচিবিদ্ধবৎ বেদনা; নাভির চতুর্দ্দিকে বেদনা, অধিক বায়ু নিঃসরণ।

মলত্যাগকালীন—বেগ দেওয়া, তলপেটে কর্ত্তন ও ছেদনবৎ বেদনা, ক্ষুধা, মলদ্বারে উষ্ণ বোধ; অতিশয় কোঁথ দেওয়া, অধিক বায়ু নিঃসরণ, সর্ব্বদা গরম।

মলত্যাগের পর—মলদ্বার স্ফীত; পুড়িয়া যাওয়ার ন্যায় জ্বালা; ভার বোধ এবং চুলকানি; টনটনানি, গরম বোধ। অর্শ, শীতল জল প্রয়োগে আরাম বোধ, নাভিতে কর্ত্তনবৎ বেদনা, উহা কিয়ৎকাল স্থায়ী হয়; অতিশয় দুর্ব্বলতা, মূর্চ্ছা, অধিক পরিমাণে চট্‌চটে ঘর্ম্ম।

আনুষঙ্গিক—বেদনাকালীন নিজের প্রতি অসন্তুষ্ট ও রাগের ভাব, অল্প বমনোদ্রেকের সহিত মাথাধরা, ওষ্ঠ রক্তবর্ণ, জিহ্বা রক্তবর্ণ ও শুষ্ক এবং তৎসঙ্গে অত্যন্ত পিপাসা; সাধারণতঃ ক্ষুধা প্রবল, তরল বস্তু পান করিবার ইচ্ছা, মাংস খাইতে অনিচ্ছা, তিক্ত স্বাদ, হাইপোকণ্ড্রিয়াতে বেদনা, তৎসঙ্গে পদদ্বয়ে অত্যন্ত দুর্ব্বলতা। যকৃৎপ্রদেশে ও তলপেটে চাপিয়া ধরার ন্যায় বেদনা

এবং সম্মুখে বাঁকিয়া বসিলে তাহার উপশম বোধ, মলত্যাগের বেগ বোধ, মলত্যাগের বেগ, কিন্তু কেবল বায়ু নির্গত হয়। নাভির চতুর্দ্দিকে হুলবিদ্ধবৎ ও খুঁড়িয়া ফেলার ন্যায় বেদনা এবং ঐ বেদনা চাপিলে বৃদ্ধি হয়। তলপেটের নিম্ন প্রদেশে, বিশেষতঃ দক্ষিণ দিকে চাপিয়া ধরার ন্যায় অসহ্য বেদনা; তলপেটের নিম্ন প্রদেশ স্ফীত ও চাপিয়া ধরিলে বেদনাযুক্ত; মলদ্বারে ও কোটি-দেশে কর্ত্তনবৎ ও চিমটানবৎ বেদনা, তলপেটে বায়ু ইতস্ততঃ গমনাগমন করে, বিশেষতঃ বাম দিকেই বেশী। আহারের পর পাকাশয়ে বেদনা, বোতল হইতে জল পতনের ন্যায় তলপেটে গড় গড় শব্দ হয়। বায়ুনিঃসরণের সময় অত্যন্ত দুর্গন্ধ ও মলদ্বারে জ্বালা; প্রস্রাব অধিক পরিমাণে হয়, অনিচ্ছায় মূত্রত্যাগ, উরুদেশ ভারি ও অগ্নির উত্তাপ হইতে উঠিয়া গেলে শীত বোধ, খোলা বাতাসে গেলে উপশম বোধ হয়, কিন্তু যাইতে অনিচ্ছা বোধ।

উদরাময় ও রক্তামাশয় রোগে এলোজ অতি উৎকৃষ্ট মহৌষধ। উপর্য্যুক্ত লক্ষণসমূহ অতি নির্দ্দিষ্ট ও ভ্রমশূন্য। যখন আমাশয়ের মল নিঃসরণের সঙ্গে পেট গড় গড় করে, তখন এই ঔষধ প্রয়োগ করিতে হইবে। উদরাময়ের সঙ্গে বালকদিগের অত্যন্ত ক্ষুধা থাকে।

এলুমিনা।

(ALUMINA.)

মল—পাতলা চটচটে, ক্লেশে নির্গত হয়।

বৃদ্ধি—কোষ্ঠবদ্ধের পর; আহারের পর; টাইফয়েড জ্বরের সময়; গ্রীষ্মকালে; ভ্রমণকালে; সাধারণতঃ একদিন অন্তর।

। স—অল্পক্ষণ নিদ্রার পর; শরীরে উষ্ণ লাগাইলে বেদনা)। মল নিঃসরণের পূর্ব্বে বেদনা।

মলত্যাগকালীন—বেদনা; কোঁথ দিতে গেলে বেদনা বোধ; মলদ্বারে জ্বালা, অনিচ্ছায় মূত্রত্যাগ।

মলত্যাগের পর—সচরাচর আরাম বোধ; কখন কখন বেদনা বর্ত্তমান থাকে; পৃষ্ঠদেশে দপদপানি; মলদ্বারে ক্ষত।

আনুষঙ্গিক—ভয়ানক; সর্ব্বদা পরিবর্ত্তন, প্রাতঃকালে মাথা ঘোরা, এবং তৎসঙ্গে দুর্ব্বলতা ও বমনেচ্ছা। স্বাভাবিক ও অজীর্ণকর বস্তু খাইবার ইচ্ছা, যথা, চাথড়ি, পরিষ্কার বস্ত্র, কয়লা, অম্ল, কাফি, শুষ্ক চাউল ইত্যাদি। পাকাশয়ের দুর্ব্বলতা, বারম্বার আর্ত্তনাদে উপশম বোধ; অত্যন্ত বেদনা অনুভব হইবে বোধ। কেবল মাত্র মলত্যাগকালেই প্রস্রাবত্যাগ।

স্বাভাবিক অবসন্নতা; রক্তাল্পতা। এলুমিনা তরুণ উদরাময়ে কখন কখন, এবং আমাশয়ে যখন প্রস্রাব ও মলত্যাগে কষ্ট বোধ হয়, তখনই ব্যবহৃত হয়। কিন্তু যখন পুরাতন উদরাময়ের সহিত রক্তাল্পতা, ক্ষুধার অকস্মাৎ পরিবর্ত্তন এবং এক

দিন অন্তর একদিন বৃদ্ধি ইত্যাদি উপসর্গ বর্ত্তমান থাকে, তখন এই ঔষধ বিশেষ উপকারী এবং এই ঔষধ দ্বারাই আশাতীত ফল লাভ করা যায়। উচ্চ ডাইলিউশন ব্যবহার করা কর্ত্তব্য। শীঘ্র শীঘ্র ঔষধ সেবন করা অনুচিত।

এমোনিয়া মিউরিয়েটিকা।

(AMMON MURIATICA.)

মল—কর্দ্দমবৎ, পাতলা, শ্লেষ্মাযুক্ত, সবুজবর্ণ। পীতবর্ণ, কর্দ্দমবৎ।

বৃদ্ধি—প্রাতঃকালে; স্ত্রীলোকের ঋতুর সময়ে; আহারের পরে; দিনের বেলায়; খোলা বায়ুতে বেড়াইলে (বমনেচ্ছা)।

মলত্যাগের পূর্ব্বে—অত্যন্ত কোঁথ দেওয়া; নাভির চতুর্দ্দিকে বেদনা।

মলত্যাগকালীন—কোঁথ দিলে বেদনা বোধ।

মলত্যাগের পর—কোঁথ দিতে গেলে বেদনা, তলপেটে বেদনা ও বোধ হয় যেন ক্ষত হইয়াছে। মলদ্বারে জ্বালা।

আনুষঙ্গিক—বিরক্তি বোধ, তিক্ত স্বাদ; কিছু আহার করিলে তিক্ত উদ্গার উঠে; ক্ষুধামান্দ্য; আহারের পর অথবা খোলা বায়ুতে ভ্রমণে বমনেচ্ছা; তলপেটে চিমটানির ন্যায় বেদনা; শ্বাসগ্রহণে ব্যাঘাত, শব্দপূর্ব্বক বায়ু নিঃসরণ।

এই ঔষধ পুরাতন উদরাময়ে, অন্যান্য লক্ষণ বর্ত্তমানে ও স্ত্রীলোকদিগের ঋতুর সময় অতিশয় উপকারী। ইহার অনেক

লক্ষণের সহিত এলোজের লক্ষণের বিশেষ সৌসাদৃশ্য আছে। তবে প্রভেদ এই যে, যখন লক্ষণগুলি মৃদু আকারে থাকে, তখন এই ঔষধ ব্যবস্থেয়। বালকদিগের উদরাময়ে সবুজবর্ণ শ্লেষ্মাযুক্ত মল থাকিলে এই ঔষধ ব্যবহার করা যাইতে পারে। কিন্তু তদ্বিষয়ে এ পর্য্যন্ত পরীক্ষা দ্বারা কিছুই স্থিরীকৃত হয় নাই।

এণ্টিমোনিয়ম্ ক্রুডম্।

(ANTIMON CRUD.)

মল—জলবৎ বস্তু প্রায়ই অধিক পরিমাণে নির্গত হয়; কিছুকাল কোষ্ঠবদ্ধ ও কিছুকাল বেশী পরিমাণে জলীয়বৎ মল নিঃসরণ।

বৃদ্ধি—অম্ল দ্রব্য খাওয়ার পরে, অত্যন্ত গরমের পরে, স্নানের পরে, শীতল বস্তু আহারের পরে, বয়োধিক ব্যক্তিদিগের, গর্ভাবস্থায়, রাত্রিতে, অতি প্রত্যূষে।

মলত্যাগের পূর্ব্বে—কর্ত্তনবৎ বেদনা।

মলত্যাগকালীন—মলদ্বারে বেদনা। মলদ্বার হার্নিস বাহিরের ন্যায় বাহির হওয়া।

আনুষঙ্গিক—যুক্তিমূলক অথবা অবিশ্বাসজনক মনোভাব, বালকদিগের দিকে তাকাইলে অথবা তাহাদিগকে স্পর্শ করিলে অসহ্য বোধ করে, লবণাক্ত লালা নিঃসরণ, রাত্রিকালে পিপাসা, সাদা পুরুলেপযুক্ত জিহ্বা, অত্যন্ত বমন, পিত্তসংযুক্ত ও তিক্তরস-বিশিষ্ট, কর্দ্দমবৎ শ্লেষ্মাযুক্ত পদার্থ বমন, আহারে বা পানে

বমন পুনরারম্ভ হওয়া, অম্লখাইবার ইচ্ছা। শীঘ্র শীঘ্র অধিক পরিমাণে প্রস্রাবত্যাগ।

এণ্টিমোনিয়ম ক্রুডমে পৈত্তিকের উপসর্গাদি প্রবল থাকে। একোনাইট, আর্সেনিক ও ভেরেট্রমের বমন হইতে ইহার বমনের বিভিন্নতা এই যে, ইহাতে অত্যন্ত পিপাসা ও সাদা পুরু জিহ্বার লক্ষণ থাকে না। অনেক সময়ে এই বিভিন্নতার প্রতি দৃষ্টি না করাতে ইহার সত্বর কার্য্যকারিতা উপলব্ধি করা যায় না, সুতরাং শীঘ্র আরোগ্য কার্য্য সাধিত হয় না।

এণ্টিমোনিয়ম্ টার্টারিকম্।

(ANTIM TART.)

মল—পাতলা, ঈষৎ ধূসরবর্ণযুক্ত পীত; জলবৎ; রক্ত-সংযুক্ত শ্লেষ্মা; শীঘ্র শীঘ্র, পাতলা, পিত্তসংযুক্ত, অত্যন্ত দুর্গন্ধ-যুক্ত মল নির্গমন।

বৃদ্ধি—বসন্তরোগে; ফুস্‌ফুস্ প্রদাহের সময়ে। মদ্যপায়ী-দিগের, পেটে চাপ দিলে কিম্বা উপড় হইয়া শয়ন করিলে (বেদনার বৃদ্ধি), গ্রীষ্মকালে, শৈত্যসেবনের পরে, রাত্রিকালে।

মলত্যাগের পূর্ব্বে—উদর স্ফীত না হইয়াও অত্যধিক বায়ু নিঃসৃত হয়। তীক্ষ্ণ কর্ত্তনবৎ বেদনা, বমন করিবার ইচ্ছা।

মলত্যাগকালীন—অত্যন্ত কোঁথপাড়া, বমনেচ্ছা, পেটে বেদনা, মলদ্বারে উত্তাপ বোধ।"

মলত্যাগের পরে—যন্ত্রণার হ্রাস। কোঁথপাড়া, মলদ্বারে জ্বালা।

আনুষঙ্গিক—অত্যন্ত খিট্‌খিটে; শিশুদিগকে স্পর্শ করিলে অথবা তাহাদিগের প্রতি দৃষ্টিপাত করিলেও তাহারা বিরক্ত হয়। মাথা ধরা, ফল অথবা অম্ল দ্রব্য খাইবার ইচ্ছা। শীতল পানীয় পানের ইচ্ছা, শীঘ্র শীঘ্র অল্প অল্প জলপান করিবার ইচ্ছা অথবা জলপান করিতে অনিচ্ছা, দুগ্ধপানে অরুচি। পচা ডিম্বের আস্বাদযুক্ত উদ্গার উঠা। ক্রমাগত কষ্টকর বমনোদ্রেক ও তৎসহ কপালে ঘর্ম্ম। খাদ্য বমন। সবুজবর্ণ জলবৎ ফেণিল পদার্থ উদ্গীর্ণ হয়। বমনের সহিত হস্তদ্বয়ের কম্পন, ও মূর্চ্ছা হয়। তৎপরে অত্যন্ত নিদ্রালুতা ও মুখশ্রী বিবর্ণ এবং চক্ষুদ্বয় কোটরস্থ হইয়া পড়ে। অত্যন্ত দুর্ব্বলতা ও নাড়ী সূক্ষ্ম এবং ক্ষীণ হয়।

এণ্টিমোনিয়ম টার্ট,উদরাময় রোগে সর্ব্বদা ব্যবহৃত হয় না, কিন্তু ওলাউঠা প্রভৃতি রোগে ইহাতে অনেক সময়ে যথেষ্ট উপকার পাওয়া যায়। ভেরেট্রমে ওলাউঠার ভেদ বমনের উপকার না হইলে, ইহা দেওয়া যায়।

এপিস মেলিফিকা।

(APIS MEL.)

মল—সবুজবর্ণ; পীতবর্ণ আঠাযুক্ত; পীতবর্ণ জলবৎ; পরিষ্কার, বর্ণহীন জলবৎ; রক্তসংযুক্ত শ্লেষ্মা, (কর্দ্দমের ন্যায় পদার্থ মিশ্রিত), দুর্গন্ধবিশিষ্ট (জলবৎ) ক্লেশশূন্য; (কর্দ্দমবৎ

শ্লেষ্মা) অনিচ্ছায় মলত্যাগ ও মলদ্বার সঙ্কুচিত বোধ হয়, বার বার মলত্যাগ।

বৃদ্ধি—প্রাতঃকালে, অম্ল বস্তু আহারে, গরম গৃহে ও নড়িলে।

মলত্যাগকালীন—কোঁথ দেওয়া, সেঁটে ধরার ন্যায়, কোঁথ দিতে গেলে বেদনা বোধ ; অন্ত্রে ক্ষত হওয়ার ন্যায় বোধ হয়।

মলত্যাগের পর—মলদ্বারে ক্ষত বোধ।

আনুষঙ্গিক—কোন বিষয়ে মনঃসংযোগ করিবার অক্ষমতা ; পশ্চাদ্দিক উষ্ণ। শিব-চক্ষু ; মুখ বিবর্ণ ; কপালে ও চক্ষুর তারকায় বেদনা ; জিহ্বা শুষ্ক, উজ্জ্বল, ফাটা, এবং ক্ষত ও চতুর্দ্দিকে ফুস্কুড়িযুক্ত, ক্ষুধারাহিত্য।

অসহ্য তৃষ্ণা, রোগী অল্প পরিমাণে জলপান করে কিন্তু বার বার চাহিতে থাকে ; বমনেচ্ছা, আহার্য্য বস্তু, পিত্ত, তরল, তিক্ত কিম্বা অম্ল বস্তু বমন, তলপেট স্ফীত, তৎসঙ্গে বেদনা ও গড় গড়ানি শব্দ। তলপেটের দেওয়ালে (abdominal wall) ক্ষত ও অত্যন্ত বেদনা বোধ ; বিশেষতঃ নিঃশ্বাসত্যাগ করিলে অথবা চাপ দিলে অনুভব করা যায় ; তলপেটে জ্বালা, সর্ব্বদা বেশী পরিমাণে প্রস্রাব, অথবা প্রস্রাব অল্প কিম্বা একেবারে বন্ধ হয়, প্রস্রাব ত্যাগ করিতে কষ্টবোধ হয় বা ফোঁটা ফোঁটা মূত্র পড়িতে থাকে ; নিঃশ্বাসত্যাগে কষ্ট বোধ। ঘুম ভালরূপ হয় না ও তৎসঙ্গে দাঁত কড়মড় শব্দ করে ; নিদ্রালুতা, চর্ম্ম শুষ্ক ও উষ্ণ। হস্ত সবুজবর্ণ, শরীর শীর্ণ, অত্যন্ত দুর্ব্বলতা, উদরী ও তলপেটে শোথ।

বালকদিগের উদরাময় ও ওলাউঠা যখন ভয়ানক আকার

ধারণ করে ও রোগী ক্রমে অবসন্ন হইতে থাকে, তখন এই ঔষধ প্রয়োগে বিশেষ উপকার দর্শে। মলের সৌসাদৃশ্য থাকিলেও অন্য ঔষধ হইতে এই ঔষধ পৃথক্ করিতে পারা যায়; কারণ ইহাতে পিপাসা থাকে না, জিহ্বা শুষ্ক এবং ত্বক্ উষ্ণ ও শুষ্ক থাকে। এপিসের বিশেষ লক্ষণাক্রান্ত উপসর্গ এই যে, (abdominal Wall বা) উদরের দেওয়ালে ক্ষতবৎ বেদনা থাকিবেই থাকিবে।

আর্জেণ্টম্ নাইট্রিকম্।

(ARGENTUM NIT.)

মল—সবুজবর্ণ, শ্লেষ্মাযুক্ত, গাঢ় জলবৎ শ্লেষ্মাযুক্ত তরল ধূসরবর্ণ, অল্প পরিমাণে; (জলবৎ শ্লেষ্মাযুক্ত), বেদনারাহিত্য (রক্তসংযুক্ত শ্লেষ্মা)।

বৃদ্ধি—রাত্রিতে, দুই প্রহরের পরে, অধিক মিষ্ট দ্রব্য ভোজনে, মধ্যাহ্নে, ভোজনের পরে, দন্ত উঠিবার সময়ে, অতি প্রত্যূষে, আহারের পরে (তলপেটে বেদনা)।

হ্রাস—আহারের পর, অম্ল ভোজনের পর (বমনোদ্রেক)।

মলত্যাগের পূর্ব্বে—শূলবৎ বেদনা।

আনুষঙ্গিক—মুখশ্রী বিবর্ণ ও মুখমণ্ডল বসিয়া পড়া; ওষ্ঠ এবং মুখ শুষ্ক ও তৎসঙ্গে অল্প পিপাসা, সন্ধ্যাকালে মিষ্ট দ্রব্য ভোজনের ইচ্ছা। দন্তে সহজে ঠাণ্ডা লাগে ও অম্ল বোধ হয় এবং তৎসঙ্গে সর্ব্বদা দন্ত কড়মড়ি। শব্দের সহিত ঢেকুর ও বমনোদ্রেক,

স্বল্প চট্‌চটে দড়ির ন্যায় শ্লেষ্মা বমন, নড়িলে তলপেটে হঠাৎ বেদনা উপস্থিত হয়। হাইপোকণ্ড্রিয়াতে বা পেটে কাপড় আঁটিয়া বাঁধিতে কষ্ট বোধ হয়, ভাল নিদ্রা হয় না, কম্পন ও দুর্ব্বলতা, পায়ের ডিমে দুর্ব্বলতা, ঠাণ্ডা বোধ। এই ঔষধের উপসর্গ সকল বর্ত্তমানে যদি বালকদিগের অতিরিক্ত মিষ্ট দ্রব্য খাওয়ার জন্য এই পীড়া হয়, তবে এই ঔষধ বিশেষ উপযোগী। আমরক্তের শেষ অবস্থায় ও বালকদিগের ওলাউঠায় ইহা বিশেষ ফলপ্রদ।

আর্ণিকা মণ্টানা।

(ARNICA MONT.)

মল—কর্দ্দমবৎ, শ্লেষ্মাযুক্ত; ধূসরবর্ণ, চোয়ান জলের ন্যায়; অপরিপাকের মত; রক্তসংযুক্ত ও গাঢ়। অম্লগন্ধযুক্ত; অল্প পরিমাণে বার বার, নিদ্রাকালীন অনিচ্ছায় মলত্যাগ, অত্যন্ত দুর্গন্ধযুক্ত মল-নিঃসরণ।

বৃদ্ধি—আঘাতে; নড়িলে চড়িলে; বামপার্শ্বে শয়ন করিলে, জ্বরকালীন; পিত্তাধিক্য জ্বরে।

হ্রাস—বায়ু নির্গমনে (তলপেটে বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—পাকস্থলীতে বার বার বেগ দেওয়া।

মলত্যাগকালীন—বেগ দেওয়া, কোঁথ দেওয়া, তলপেটে কর্ত্তনবৎ বেদনা।

মলত্যাগের পর—কোঁথ বা বেগ দিলে বেদনা বোধ হয়।

আনুষঙ্গিক—শরীর অপেক্ষা মস্তক বেশী গরম বোধ। মস্তক

ও বক্ষঃস্থল উষ্ণ, তলপেট ও হস্ত পদ শীতল, মুখমণ্ডল মলিন ও বিবর্ণ; লবণাক্ত, তিক্ত, চট্‌চটে অথবা দুর্গন্ধযুক্ত আস্বাদ। আহারে অনিচ্ছা, বিশেষতঃ মাংস ও ঝোল খাইতে অধিক অনিচ্ছা, শির্কা অথবা মদ্য পানে ইচ্ছা। রোগী পিপাসার্ত্ত, কিন্তু কিসে পিপাসার শান্তি হইবে তাহা বুঝিতে পারে না, কারণ সর্ব্ব প্রকার পানীয়ই বিস্বাদ বোধ হয়। পাকস্থলী পরিপূর্ণ, বমনেচ্ছা। পানীয় দ্রব্য উদ্গিরণ; তলপেটের দক্ষিণ অংশ শক্ত ও ফোলা এবং স্পর্শ করিলে অসহ্য বেদনা অনুভব, কিন্তু বায়ু নির্গত হইলে উপশম বোধ হয়। পেট গড় গড় করে, পেট ঢাকের মত ফুলিয়া থাকে, বার বার ঢেকুর উঠে; তিক্ত ও অম্লগন্ধ; দুর্গন্ধযুক্ত বায়ুনিঃসরণ; ঘন ঘন প্রস্রাবের বেগ, কিন্তু প্রস্রাব নির্গত হয় না। অল্প পরিমাণে হলুদবর্ণ প্রস্রাব নির্গত হয়, কখন কখন অনিচ্ছায় প্রস্রাব হয়। দুর্গন্ধযুক্ত শ্বাস প্রশ্বাস, দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম, নিদ্রালুতা ও দুর্ব্বলতা। শরীর অসাড় হইয়া থাকে। সমস্ত শরীরে ভয়ানক বেদনা হয় ও শরীর স্পর্শ করিলে বেদনার বৃদ্ধি হয়। বিছানা শক্ত বোধ হয়, অস্থিরতা, ছট্‌ফট্‌ ও এপাশ ওপাশ করা। পেটের পীড়ায় এই ঔষধ অধিক ব্যবহৃত হয় না, কিন্তু ইহার উপসর্গগুলি সুস্পষ্ট, সুতরাং ঔষধ নির্ব্বাচন সহজ। পাকস্থলীর দোষে (Gastric derangement) ইহা বিশেষ উপযোগী।

আর্সেনিকম্ এল্‌বম্।

(ARSENIC ALBUM)

মল—গাঢ় সবুজবর্ণ আমযুক্ত; সাদা চট্‌চটে, রক্তমিশ্রিত

আম, কাল রক্তসংযুক্ত জলীয় মল ; চট্‌চটে শ্লেষ্মাযুক্ত আম ; পাটকিলেবর্ণ আম, রক্তসংযুক্ত আম ; গাঢ় কৃষ্ণবর্ণ, জলবৎ হরিদ্রাবর্ণ, গাঢ়, অপাকযুক্ত ; পর্য্যায়ক্রমে অর্থাৎ কোন সময় উদরাময় হয় এবং তৎপরে কোষ্ঠবদ্ধ হয়। বার বার হয় ; অল্প, অনিচ্ছায় বা অজ্ঞাতসারে মলত্যাগ ; পচা ঘায়ের পুঁযের ন্যায় জলীয় মল, অধিক পরিমাণে সবুজবর্ণ জলবৎ মলত্যাগ।

বৃদ্ধি—রাত্রিকালে, আহার বা পানের পরে ; দুই প্রহর রাত্রির পরে ; ঠাণ্ডা লাগাইলে ; ঠাণ্ডা বস্তু আহারে ; বরফ অথবা কুল্পি খাইলে। দন্ত নির্গমনের সময়ে, ফল অথবা অম্ল বস্তু আহারে ; বসন্ত রোগে আক্রান্ত হইলে ; বিকারজ্বরকালীন ; অধিক পরিমাণে মদ্যপানের পর ; শরীর পুড়িয়া গেলে ; ঠাণ্ডা স্থানে বাস করিলে।

হ্রাস—বাহ্যিক তাপ লাগাইলে (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—শীত বোধ, মনের উদ্বেগ, তলপেটে কর্ত্তনবৎ বেদনা, বমন ; পিপাসা ; তলপেট ফাটিয়া যাওয়া বোধ ; চাপিয়া ধরার ন্যায় বোধ।

মলত্যাগকালীন—শীতবোধ ; বমনোদ্রেক বা বমন, কোঁথ দেওয়া ; মলদ্বারে পুড়িয়া যাওয়ার ন্যায় বেদনা ; মলদ্বারের উপর অংশে সঙ্কোচন।

মলত্যাগের পর—উপশম বোধ ; মলদ্বারে পুড়িয়া যাওয়ার ন্যায় বেদনা ; দুর্ব্বলতা প্রযুক্ত কম্পন ও শুইয়া পড়া ; বুক ধড়্‌ফড়্ করা ; ঘর্ম্ম ; ক্লান্তিবোধ ; হাপিস বাহির হইয়া পড়া।

আনুষঙ্গিক—অত্যন্ত অস্থিরতা, উদ্বেগ, শীঘ্র শীঘ্র

স্থান পরিবর্ত্তন, বালকেরা জাগিলে খুঁত খুঁত করে ও রাগান্বিত হয় এবং মস্তক উঁচু করিয়া শুইতে চায়; রোগীর মৃত্যুভয় হয় ও আত্মীয় স্বজন পরিবার তাহাকে ত্যাগ করিয়া গিয়াছে বলিয়া বোধ হয়; ভীত হইয়া নিঃশব্দে ক্রন্দন, মুখ ফেঁকাশে, মৃত্যুভয়, পীতবর্ণ। চেহারা বিকৃত ও অল্প অল্প ঘর্ম্ম হয়। চক্ষুর চারি দিকে নীলবর্ণ দাগ পড়ে। ওষ্ঠ কৃষ্ণবর্ণ, শুষ্ক, ফাটা, নীলবর্ণ ও ঠাণ্ডা। জিহ্বা কাল, শুষ্ক, ফাটা, ধূসরবর্ণ। মুখে ঘা; রক্তসংযুক্ত লালা। অত্যন্ত অসহ্য তৃষ্ণা এবং বার বার অল্প পরিমাণে জলপান, অম্ল বস্তু, শীতল জল, ও মদ্যপানের ইচ্ছা, ক্ষুধামান্দ্য। আহার ও পানের পর মুখে তিক্ত স্বাদ। খাদ্য-বস্তু দর্শনে বমনোদ্রেক।

আহারের বা পানের অব্যবহিত পরেই বমন। খাদ্য বস্তু, জল, লালা, ধূসর বা কৃষ্ণবর্ণ বস্তু, পিত্ত, গাঢ় স্বল্প সবুজ ও পীতবর্ণ শ্লেষ্মা বমন। পাকাশয়ে অসহ্য বেদনা; তলপেটে ও পাকাশয়ে জ্বালা। তলপেট স্ফীত। প্রস্রাব বন্ধ, অল্প পরিমাণে সবুজবর্ণ ও দুর্গন্ধবিশিষ্ট প্রস্রাব। ত্বকের উপর লাল ও নীল বর্ণের চাকা চাকা দাগ পড়া, নিদ্রাকালীন অস্থিরতা; হঠাৎ চমকিয়া উঠা ও খেঁচনী, ঘর্ম্ম চট্‌চটে ও গরম। আলস্য ত্যাগ ও পায়ের আঙ্গুলে খিলধরা। প্রথমে ত্বক্ শুষ্ক ও গরম অথবা বরফের ন্যায় ঠাণ্ডা ও চট্‌চটে ঘাম। রোগীর শরীরাভ্যন্তরে অত্যন্ত জ্বালা হয়। ত্বক্ ঠাণ্ডা অথবা শুষ্ক, কিন্তু পরক্ষণেই ঠাণ্ডা ও অল্প পরিমাণে ঘর্ম্ম।

রোগী শীঘ্র শীঘ্র ভয়ানক দুর্ব্বল হইয়া পড়ে। নাড়ী দ্রুত ও

প্রায় পাওয়া যায় না। প্রাতঃকালে নাড়ীর গতি দ্রুত ও সন্ধ্যাকালে হ্রাস; রোগী শীঘ্র দুর্ব্বল হইয়া পড়ে।

এই ঔষধ বিশেষ সতর্কতার সহিত প্রয়োগ করিতে হয়। রীতিমত প্রয়োগ না হওয়াতে অনেক সময়ে উপকার হওয়া দূরে থাকুক, অনিষ্টই ঘটিয়া থাকে। অনেক চিকিৎসক ইহার উপসর্গ সকলের প্রতি লক্ষ্য না রাখিয়া তরুণরোগে ইহা ব্যবহার করিয়া থাকেন। ইহার সদৃশ-লক্ষণাক্রান্ত অন্যান্য ঔষধ হইতে ইহাকে নির্ব্বাচন করিতে হইলে দেখা আবশ্যক যে, পিপাসা ও অস্থিরতা সম্পূর্ণরূপ বর্ত্তমান আছে কি না। কারণ এই দুই উপসর্গ ও শ্লেষ্মাযুক্ত মলে, দুর্গন্ধবিহীন ও জলবৎ মলে অত্যন্ত দুর্গন্ধ থাকা একান্ত আবশ্যক এবং তাহা হইলেই এই ঔষধ প্রযোজ্য।

ব্যাপ্‌টিসিয়া।

(BAPTISIA TINCT.)

মল—শুষ্ক রক্তমিশ্রিত; রক্তবর্ণ শ্লেষ্মাযুক্ত; অল্প অল্প, বার বার; কৃষ্ণবর্ণ পাতলা মল; পীতবর্ণ; জলীয়; গাঢ় ধূসরবর্ণ শ্লেষ্মা ও রক্তবিশিষ্ট; অত্যন্ত দুর্গন্ধবিশিষ্ট; বিনা কষ্টে মলত্যাগ।

বৃদ্ধি—গ্রীষ্মকালে; বসন্ত ঋতুতে; বিকারজ্বরকালীন (Typhoid fever); দিনের বেলায় ও রাত্রিতে, শক্ত বস্তু আহারে।

মলত্যাগের পূর্ব্বে—হাইপোকণ্ড্রিয়াতে বেদনা; শীত, পৃষ্ঠদেশে ও অন্যান্য অঙ্গে বেদনা।

মলত্যাগকালীন—কোঁথ দেওয়া; বেদনা • বরাবর থাকে।

মলত্যাগের পর—কোঁথ দেওয়া।

আনুষঙ্গিক—এলোমেলো বকা ও অজ্ঞানতা; কথা বলিতে বলিতে ঘুমাইয়া পড়া। ভাঙ্গিয়া দোমোড় হওয়া জ্ঞান ও ভগ্নশরীরের অংশ কুড়াইবার জন্য বিছানা হাতড়ান।

মুখে ঘা, বিশেষতঃ যাহাদিগের মুখ হইতে মলদ্বার পর্য্যন্ত অনেক দিন হইতে ঘা আছে; দুগ্ধপোষ্য বালকদিগের মুখে ঘা; নাড়ি কাল এবং তথা হইতে রক্ত ও পচা দুর্গন্ধ বাহির হয়। জিহ্বার মধ্যস্থলে পীত ও ধূসরবর্ণ ময়লা পড়া এবং ধার লাল ও চাক্‌চিক্যশালী। অল্প পিপাসা বা পিপাসাহীনতা, তলপেটে দুর্ব্বল বোধ; বমনেচ্ছা বা বমন; বালকেরা তরল বস্তু ভিন্ন আর কিছু খাইতে চায় না। শক্ত বস্তু খাইতে দিলে গলায় বাধে; যকৃৎ ও পিত্তকোষে বেদনা; প্রস্রাব ও ঘর্ম্ম অত্যন্ত দুর্গন্ধবিশিষ্ট, নিঃশ্বাসে দুর্গন্ধ; অল্প পরিমাণে জ্বর এবং নাড়ী পূর্ণ ও মৃদু; অনিদ্রা অথবা নিদ্রাকালীন স্বপ্ন দেখা; সমস্ত শরীরে ক্ষত বোধ হয় ও তজ্জন্য রোগী ছট্‌ফট্ করে; রোগযন্ত্রণা হইতে দুর্ব্বলতা বেশী অনুভব করা।

অভিজ্ঞতায় প্রতিপন্ন হইয়াছে যে, উদরাময় ও রক্তামাশায় যখন টাইফয়েড আকার ধারণ করে, তখন এই ঔষধ বিশেষ ফলদায়ক হয়। কোঁথ দেওয়া ও বিনা কষ্টে মলত্যাগ, উপরি-উক্ত প্রকার জিহ্বা ও মানসিক উপসর্গ সকল প্রত্যক্ষ করিয়া সম-লক্ষণাক্রান্ত অন্যান্য ঔষধ হইতে এই ঔষধ পৃথক করিয়া লওয়া উচিত।

IMPERIAL LIBRARY

বেলেডনা।

(BELLADONNA.)

মল—পাতলা, সবুজবর্ণ, শ্লেষ্মাযুক্ত ; রক্তমিশ্রিত আম ; ছিবড়া ছিবড়া পীতবর্ণ আম, সাদা আম ; চুণের ন্যায় সাদা ; কাদার বর্ণ, জলীয় ; অল্প পরিমাণে ; বার বার অনিচ্ছায় মলত্যাগ ; অম্লগন্ধযুক্ত (দুর্গন্ধ) মল।

বৃদ্ধি—বৈকালে ; নিদ্রার পর ; শীতল বস্তু আহারের পর ; চুল ছাঁটিয়া ফেলার জন্য ঠাণ্ডা লাগিলে ; গ্রীষ্মকালে ; টাইফয়েড বিকার জ্বরে ; নড়িলে চড়িলে ; চাপিলে (বেদনা)।

হ্রাস—বক্র হইলে (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—ঘর্ম্ম ; তলপেটে গরম বোধ ; চিমটী কাটা ও মুচড়িয়া ধরার ন্যায় বেদনা ; মলদ্বারে ও পুরুষাঙ্গে বেগ, বোধ হয় যেন মল, মূত্র বাহির হইবে।

মলত্যাগকালীন—কম্প, কোঁথপাড়া ; বমনেচ্ছা ; মলদ্বারে জ্বালা ও ঘর্ম্ম।

মলত্যাগের পর—কোঁথপাড়া।

আনুষঙ্গিক—মাথা গরম ও হাত পা ঠাণ্ডা। হঠাৎ চমকিয়া উঠা ; মাথা এপাশ ওপাশ করা ; প্রলাপ, নিদ্রাকালীন অথবা ঘুম অন্তে বেশী ; এক বিছানা হইতে অন্য বিছানায় যাওয়ার ইচ্ছা ; উদ্যমহীন, মুখ মলিন ও ঠাণ্ডা ; শিরচক্ষু ; কনীনিকা (চক্ষুর তারা) বিস্তৃত ; দন্ত কড়মড়ি ; মুখ বিকৃত অবস্থাপন্ন ; কেরোটিড নামক ধমনী দপ্ দপ্ করে ; বালকেরা বিরক্ত

হয় ও কাঁদে ; জিহ্বা শুষ্ক ও লালবর্ণ অথবা লালের উপর দুইটী সাদা দাগ পড়ে ; জিহ্বা সজল, কিন্তু মুখ শুষ্ক হয়।

লালা নির্গত হয় ; তৃষ্ণা বেশী হয় না, কিন্তু সর্ব্বদা মুখ ভিজাইতে ইচ্ছা হয়, অথবা অত্যন্ত পিপাসা হয় ও ঠাণ্ডা জল খাইতে ইচ্ছা হয়। মুখ খোলা ও যেন কিছু চিবাইতে থাকে। অম্ল বস্তু, মদ বা মাংস আহারে অনিচ্ছা ; তলপেট স্ফীত হয় ও টন্ টন্ করে ; তলপেটের মধ্যে ক্ষত বোধ হয় ; বামপার্শ্বে বেদনা ; বাগে বেদনার বৃদ্ধি, কাটিয়া ও ছিঁড়িয়া ফেলার ন্যায় তলপেটে বেদনা ; বমনেচ্ছা বা বমন ; ঢেকুর উঠা ; প্রস্রাব বন্ধ বা অধিক পরিমাণে হয় ; অনিচ্ছায় মূত্রত্যাগ ; অজ্ঞানাবস্থায় সর্ব্বাঙ্গে বা কোন অংশে খেঁচনী, শরীর গুটাইলে বা আলো জ্বালিলে পুনরাক্রমণ ; শুষ্ক অথবা গরম ঘাম, শক্ত, দ্রুত ক্ষীণ নাড়ী। নিদ্রাবস্থায় শিরা মোচড়ান, নিদ্রিতাবস্থায় অর্দ্ধনেত্র ও গোঙড়ান ; তন্দ্রা, কিন্তু নিদ্রা হয় না। বেদনা হঠাৎ হয় ও হঠাৎ যায়।

বেলেডনা পরিণতবয়স্ক ব্যক্তিদিগের অপেক্ষা বালকদিগের পক্ষেই বিশেষ কার্য্যকারী হয়। বালকদিগের কঠিন উদরাময় রোগে অনেক সময় কেবল এই ঔষধের উপরেই সম্পূর্ণ নির্ভর করিতে হয়। তন্দ্রা, মধ্যে মধ্যে চমকিয়া উঠা, শুষ্ক গরম ভাব এবং বার বার জলপান, এই ঔষধের প্রধান উপসর্গ বলিয়া গণ্য করিতে হইবে।

ব্রাইওনিয়া।

(BRYONIA ALB.)

মল—ধূসরবর্ণ পাতলা ; কৃষ্ণবর্ণ ; পাতলা রক্তসংযুক্ত ; অপরিপাক ; সবুজ জলবৎ ; গাঢ় সবুজবর্ণ, অধিক পরিমাণে ; ঈষৎ ধূসরবর্ণ।

মলত্যাগকালীন—মলদ্বারে জ্বালা ; বমন ; পিপাসা ; নিদ্রাযুক্ত ; শীতানুভব ; দুর্গন্ধযুক্ত বায়ু নিঃসরণ।

মলত্যাগের পর—গরম, নিদ্রালুতা।

আনুষঙ্গিক—যে সকল বস্তু পাওয়া যায় না তাহার জন্য ইচ্ছা ; কিম্বা কোন বস্তু দিলে লইতে অনিচ্ছা। খুঁতখুঁতে ; সহজে রাগান্বিত হওয়া ; প্রলাপ ; বিছানা হইতে উঠিয়া বাড়ী যাওয়ার ইচ্ছা ; দিবসের কার্য্যের পুনরাবৃত্তি, মাথা গরম ও হাত দিয়া বার বার মাথা নাড়া ; বালিশের নীচে মাথা গুঁজিয়া দেওয়া ; অথবা এপাশ ওপাশ করা ; চক্ষু উজ্জ্বল ও একদৃষ্টি ; নিদ্রিতাবস্থায় চক্ষু অর্দ্ধমুদ্রিত ; শব্দ বা আলো অসহ্য বোধ হয়, পৃষ্ঠদ্বয় শুষ্ক, স্ফীত ও ফাটা ; মুখ এত শুষ্ক হয় যে, বালকদিগের মুখ একটু জল দিয়া ভিজাইয়া না দিলে স্তন্যপান করিতে পারে না ; জিহ্বা শুষ্ক, লালা ধূসর, সাদা বা পীতবর্ণ। অনেকক্ষণ অন্তর জল খায়, কিন্তু অধিক না খাইলে পিপাসার শান্তি হয় না। মুখে তিক্ত স্বাদ ; আহারীয় বস্তু তিক্ত লাগে ; বমনোদ্রেক ও উঠিয়া বসিলে মূর্চ্ছা ; ঠাণ্ডা বা টক বস্তু, মাংস ও কফি পান করিবার ইচ্ছা ; পীত ও সবুজবর্ণ শ্লেষ্মাযুক্ত তিক্ত

বস্তু বমন ; আহার ও পানের পর পাকস্থলীতে বেদনা ; প্রস্রাব গাঢ় লাল ও পরিষ্কার ; চুপ করিয়া শুইয়া থাকিবার ইচ্ছা।

ব্রাইওনিয়া পেটের পীড়ার স্বাভাবিক ঔষধ নহে অথবা ঐ পীড়ায় ইহার ব্যবহার অধিক করা অনাবশ্যক ; কিন্তু ইহার উপসর্গগুলি সুস্পষ্ট ; সুতরাং যে চিকিৎসক উপরি-উক্ত লক্ষণগুলির প্রতি বিশেষরূপ দৃষ্টি রাখিয়া এই ঔষধ নির্ব্বাচনপূর্ব্বক প্রয়োগ করিবেন, তিনি কখনই ইহার মূল্যবান্ ফললাভে বঞ্চিত হইবেন না।

ক্যাল্‌কেরিয়া কার্ব্ব।

(CALCARIA CARB.)

মল—পীতবর্ণ মল ; সাদা কর্দ্দমবৎ ; সবুজ ; চা-খড়ির ন্যায় সাদা ; জলবৎ ; ফেণাযুক্ত ; সাদা চট্‌চটে, মাখনের ন্যায় ; পীতবর্ণ জলবৎ মল, কাপড়ে দাগ পড়া ; পচা ডিমের ন্যায় দুর্গন্ধ ; টক ; অনিচ্ছায় মলত্যাগ ; ক্ষীরের ন্যায়, অপাচ্য বস্তু নির্গমন ; অধিক পরিমাণে ; বার বার।

বৃদ্ধি—হৃষ্টপুষ্ট বালকদিগের ; স্ক্রফিউলা-ধাতুবিশিষ্ট লোক-দিগের ; বালকদিগের দন্ত উঠিবার সময় ; দুধ ছাড়ার সময় ; গ্রীষ্মকালে ; বৈকালে ; মিষ্টদ্রব্য ভোজনে ; অস্বাভাবিক বস্তু ভোজনে ; স্নানকালে।

মলত্যাগের পূর্ব্বে—টাটানি, বমনোদ্রেক।

মলত্যাগকালীন—বিমর্ষ ; উদরে ছিদ্রবৎ বেদনা।

মলত্যাগের পর—অবসন্নতা ; শ্রান্তিবোধ।

আনুষঙ্গিক—বালকেরা বাচাল ও একগুঁয়ে হয় এবং ভয়ানক কাঁদিতে থাকে; রাত্রিতে অত্যন্ত রাগান্বিত হয়, কাঁদে ও তাহাদিগকে বিছানা হইতে উঠাইলে ভীত চেহারা দৃষ্ট হয়।

মস্তকাবরণ-ত্বক্ এত পাতলা হয় যে, শিরা দেখা যায়; চর্ম্ম শুষ্ক; মুখ কখন কখন চক্‌চকে হয়; কিন্তু প্রায়ই বিবর্ণ, বসিয়া যাওয়া (Sunken), শীর্ণ; রেখা-বিশিষ্ট (Wrinkled), শীতল; কলীনিকা বিস্তৃত; উপর ঠোঁট স্ফীত; মাড়ী স্ফীত; মুখে ঘা; মুখ পর্য্যায়ক্রমে শুষ্ক ও লালাযুক্ত; দন্ত নির্গমনে বিলম্ব হয় ও তৎকালে মূর্চ্ছা ও খক্‌খুকে কাশী হয়; সর্ব্বদা শীতল জলপানের ইচ্ছা, বিশেষতঃ রাত্রিতে; মদ, লবণ ও মিষ্ট দ্রব্য ভোজনের ইচ্ছা, প্রাতঃকালে অত্যন্ত ক্ষুধা; ডিম্ব খাইতে ইচ্ছা হয়। মুখে ও আহারে তিক্ত স্বাদ; অম্ল বমন ও পেট গড়্‌গড়ানি, বিশেষতঃ অম্ল পদার্থ ও দুগ্ধ উঠিয়া পড়ে; পাকস্থলী কড়ার ন্যায় স্ফীত হয়।

তলপেট স্ফীত ও বিস্তৃত, তৎসঙ্গে দুর্ব্বলতা ও অত্যন্ত ক্ষুধা। মেসেণ্টেরিক ও সারভিক্যাল গ্ল্যাণ্ডের বৃদ্ধি; মূত্র বন্ধ অথবা মূত্রত্যাগে কষ্টবোধ হয়; প্রস্রাব পরিষ্কার কিন্তু উগ্র ও দুর্গন্ধ-বিশিষ্ট। প্রস্রাব কোন কোন সময়ে গাঢ় ধূসরবর্ণ ও সাদা সেডিমেণ্ট মিশ্রিত; পেটের মধ্যে কৃমি হাঁটিয়া বেড়ানর ন্যায় বোধ হয়। মলদ্বার দিয়া অল্প অল্প জল নির্গত হয়, তাহাতে লবণের গন্ধ পাওয়া যায়। হাত ও কনুই পর্য্যন্ত শীতল। বালকেরা রাত্রি ২।৩টা পর্য্যন্ত ঘুমায় না এবং সমস্ত দিবস ঝিমায় ও দুর্ব্বল থাকে। রাত্রিতে কাঁদিয়া ঘুমের ব্যাঘাত করে ও জাগিলে মাথা খোঁড়ে। ত্বক্ শুষ্ক, গরম অথবা শীতল ও চট্‌চটে। দুর্ব্বলতা ও পৃষ্ঠদণ্ড

বক্র; গলা এত সরু হয় যে, মাথার ভার-বহন করিতে পারে না। পায়ের নলা বক্র, পায়ের অঙ্গুলি শিথিল। অস্থি দুর্ব্বল ও সহজেই নোয়ান যায়।

দুর্ব্বলতা, নিদ্রাকালে মস্তকে ঘর্ম্ম, বিশেষতঃ মাথার পশ্চাদ্দিক এত ঘামে যে বালিস ভিজিয়া যায়; হাঁটু চট্-চটে; পা শীতল।

মলত্যাগের উপসর্গ অপেক্ষা ব্যক্তিবিশেষের ধাতু ও অন্যান্য উপসর্গের প্রতি অধিক লক্ষ্য করিয়া ক্যাল্‌কেরিয়া প্রয়োগ করা উচিত। সুতরাং সোরা নামক বিষের দোষযুক্ত (Psoric) ব্যক্তিদিগের এই ঔষধে বিশেষ উপকার হয়। প্রস্রাবের দুর্গন্ধ বিশেষরূপ লিপিবদ্ধ করা সুকঠিন, কিন্তু ইহার গন্ধ একবার নাকে গেলে আর তাহা ভুলা যায় না এবং প্রস্রাবের রং দেখিয়া বেন্‌জয়িক এসিডের লক্ষণাক্রান্ত প্রস্রাব হইতে ইহাকে পৃথক করিতে পারা যায়। বালকদিগের রক্তাশয় রোগ আরোগ্য হইয়া যখন ক্রমাগত বায়ুনিঃসরণ হইতে থাকে, তখন এই ঔষধ বিশেষ কার্য্যকারী হয়।

ক্যালকেরিয়া ফস্ফরিকম্।

(CALCARIA PHOS.)

মল—সবুজবর্ণ, ময়লাযুক্ত ও অজীর্ণ ভুক্ত দ্রব্য বিশিষ্ট, উষ্ণ, জলবৎ, অত্যন্ত দুর্গন্ধযুক্ত, সাদা। মল নরম, কিন্তু নির্গত হইবার সময় ক্লেশ হয়, অত্যন্ত বেগে নির্গত হয়।

বৃদ্ধি—গণ্ডমালা-ধাতুগ্রস্ত ও কোমলাস্থি-রোগগ্রস্ত শিশুদিগের দন্তোদ্গমকালে ; ফল আহারে, সন্ধ্যাকালে।

হ্রাস—বায়ু নিঃসৃত হইলে কিম্বা উপুড় হইয়া শয়ন করিলে (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—কর্ত্তনবৎ পেটবেদনা, মলত্যাগেরসময়ে দুর্গন্ধযুক্ত অত্যন্ত বায়ুনিঃসরণ।

মলত্যাগের পরে—পেটবেদনার নিবৃত্তি, বেদনাজনক অর্শের বলি।

আনুষঙ্গিক—অত্যন্ত খিট্‌খিটে, মানসিক বৃত্তির নিস্তেজস্কতা। মস্তকের অস্থি অত্যন্ত নরম ও পাতলা, হাত দিলে কাগজের ন্যায় খড়্‌মড়্‌ শব্দ হয়। মস্তকে ঘর্ম্ম।

গলা সরু দেখিলে বোধ হয় যেন গলা শরীরের ভার বহনে অসমর্থ। মুখশ্রী বিবর্ণ, চক্ষুদ্বয় কোটরস্থ ও তাহাদের চতুর্দ্দিক কাল। অত্যন্ত ক্ষুধা, লবণাক্ত কিম্বা শুষ্ক মৎস্য, মাংস খাইবার স্পৃহা। গ্রন্থিসমূহ স্ফীত ও অস্থি রোগগ্রস্ত, কশেরুকা মজ্জার নানাপ্রকার পীড়া। শিশুগণ অনেক বিলম্বে চলিতে শিখে, কারণ তাহাদের পদদ্বয় অত্যন্ত দুর্ব্বল।

অত্যন্ত দুর্ব্বলতা, গণ্ডমালা ধাতু ও কোমলাস্থিরোগগ্রস্ত শিশুগণের উদরাময় প্রভৃতি পীড়ায় ক্যাল্‌কে-ফস্‌ একটী উৎকৃষ্ট ঔষধ। ক্যালকেরিয়া কার্ব্ব, সাইলিসিয়া ও সল্‌ফর প্রভৃতি ঔষধ হইতে ইহার লক্ষণাবলী পৃথক্‌ করিয়া বিবেচনা পূর্ব্বক যথাসময়ে প্রয়োগ করিলে শত সহস্র শিশু অকাল মৃত্যু হইতে রক্ষা পাইতে পারে।

ক্যাম্ফর।

(CAMPHOR.)

মল—গাঢ় সবুজবর্ণ; কাল; মাটীর ন্যায় মল, জলীয় পাতলা; অনিচ্ছায় মলত্যাগ; হঠাৎ আক্রমণ। সাদাবর্ণের ময়লা জলের ন্যায় অপরিপাক বস্তুর ছিব্‌ড়া; বার বার; অনিচ্ছায় (রাত্রিকালে) মল নিঃসরণ; পচা মাখনের ন্যায় গন্ধ; পচা ও পরক্ষণেই কোষ্ঠবদ্ধ।

বৃদ্ধি—ওলাউঠার সংক্রামক সময়ে, প্রখর রৌদ্রের জন্য, শীতল বস্তু আহারের পর, জ্বরে।

রাত্রি ২টা কি ৩টার সময়; প্রথমেই শয্যা ত্যাগ করিয়া হাঁটিয়া বেড়াইলে; গ্রীষ্মকালে; যখন গরম বেশী হইতে থাকে; রাত্রিতে; শরীরে কণ্ডু বসিয়া যাওয়ার পর; টাইফয়েড অবস্থায়; সমুদ্রতীরে; ঠাণ্ডা লাগানর পর; ঠাণ্ডা জল পানের পর; দুগ্ধ পানের পর; সিদ্ধ ফল ও শাক সবজী আহারের পর; রাগ বা বিরক্তি জন্য; উঠিয়া বসিলে (বমনেচ্ছা), নড়িলে বা হাত পা নাড়াচাড়া করিলে।

হ্রাস—স্থিরভাবে থাকিলে; তলপেটে ভর করিয়া বক্র হইয়া বসিলে (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—বেদনা; কাঁটা বেঁধার ন্যায় বেদনা; বমনোদ্রেক।

আনুষঙ্গিক—অত্যন্ত চিন্তা ও উৎসাহশূন্যতা; মানসিক

দুর্ব্বলতা, মাথাঘোরা; সর্ব্ব শরীর বরফের ন্যায় হিম হইয়া যায়; কম্পন, শীতল চট্‌চটে ঘর্ম্ম। কখন কখন ঘর্ম্ম রাত্রিতে আরম্ভ হইয়া প্রাতঃকালে ছাড়িয়া যায়, গাত্র শীতল, কিন্তু বর্ণের ব্যত্যয় হয় না। মুখমণ্ডল বিষণ্ণ, হরিদ্রাবর্ণ, বরফের ন্যায় শীতল; উপরের ঠোঁট উঁচু হইয়া উঠে ও দন্ত বাহির হইয়া পড়ে; মুখে ফেণা উঠা।

চোক্ বসিয়া যাওয়া ও বক্রদৃষ্টি। অস্থির ও একদৃষ্টে চাহনি, অলোতে বিরক্তি বোধ; পিপাসাহীনতা অথবা অত্যন্ত পিপাসা, বমনেচ্ছা বা বমন। মূর্চ্ছা ও তৎসঙ্গে পাকস্থলীতে চাপ বোধ ও বেদনা। পাকস্থলীতে চাপ দিলে বেদনা অনুভূত হয়, পাকাশয়ে এবং গলায় জ্বালা, হস্ত পদে খিল ধরা। হঠাৎ বলক্ষয় হইতে থাকে; দাস্ত বমন হঠাৎ বন্ধ হয়, বালকেরা অজ্ঞান হইয়া পড়ে, মুখ ও হাত নীলবর্ণ হয়, জিহ্বা শীতল, শরীর বরফের ন্যায় শীতল। স্বর গভীর ও ক্ষীণ। খিল ধরা ও মূর্চ্ছা। বিনা কষ্টে মলত্যাগ। মুখে ঠাণ্ডা ঘর্ম্ম।

ওলাউঠা—শীঘ্র শীঘ্র দুর্ব্বল করিয়া পতনাবস্থা আনয়ন করে। অনেক সময় মলত্যাগ ও বমন হয় না। রোগীর গাত্র মৃত দেহের ন্যায় শীতল, কিন্তু উহা বস্ত্রাবৃত করিয়া রাখিতে পারে না।

উদরাময় রোগের প্রথম আক্রমণসময়ে ক্যাম্ফর অতি উৎকৃষ্ট মহৌষধ কিন্তু শেষাবস্থায় ঐ সকল উপসর্গে ভেরেট্রম, কিউপ্রম ইত্যাদি ঔষধ প্রয়োগ করা বিধেয়। পতনাবস্থায়

ক্যাম্ফর, দাস্ত ও বমন হইলে ভেরেট্রম, ও খেঁচনী থাকিলে কিউপ্রম ব্যবহার করা উচিত।

ক্যান্থারিস্।

(CANTHARIS).

মল—পীতবর্ণ, ধূসরবর্ণ, জলীয়, সাদা অথবা ঈষৎ লাল ও আমযুক্ত।

রক্তমিশ্রিত চামড়ার ন্যায়; অথবা ধৌত মাংসের ন্যায়। ফেনাযুক্ত, বার বার; অল্প পরিমাণে, দুর্গন্ধযুক্ত। রক্তবর্ণ আম; সবুজবর্ণ আম।

বৃদ্ধি—রাত্রিতে, সন্ধ্যাকালে, দিনের বেলায় বা কফি পানের পর (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—অত্যন্ত বেদনা, বেগ দেওয়া, হাইপোগেষ্ট্রীয়মে চিম্‌টি কাটার ন্যায় বেদনা।

মলত্যাগকালীন—শূলবৎ ও চিম্‌টী কাটার ন্যায় বেদনা বর্ত্তমান থাকে। মলদ্বারে বেদনা। চাপ অথবা বেগ দিতে গেলে চক্ষুতে জল আইসে। মলদ্বারে বেদনা। হার্নিস বাহির হইয়া পড়া।

মলত্যাগের পর—শূলবৎ বেদনা কিছু কম হয়। কোঁথপাড়া; মলদ্বারে পুড়িয়া যাওয়া, কাটা ও খোচানর্ ন্যায় জ্বালা করা, কম্প। জল ঢালিয়া দিলে যেরূপ শীত হয় সেইরূপ শীত, কিন্তু শরীরাভ্যন্তরে অত্যন্ত গরম থাকে।

আনুষঙ্গিক—ভয়ের সহিত অস্থিরতা, টন্‌টনানি ; মুখ বিশ্রী ও বিবর্ণ ; বেদনার সময় মৃত ব্যক্তির ন্যায় চেহারা ; ঠোঁট, জিহ্বা ও তালু শুষ্ক। মুখে ও গলায় ফুস্‌কুড়ি ও ক্ষত, ঠোঁঠ শুষ্ক, বেদনার সময় একটু একটু অথবা অত্যন্ত পিপাসা। জলপানে অনিচ্ছা, কারণ ইহাতে গলা বন্ধ হইয়া যায়। খাদ্য গ্রহণে ও তামাকু সেবনে অনিচ্ছা। অন্ত্রে ও তলপেটে অত্যন্ত জ্বালা ও হাত দিলে বেদনা বোধ হয়।

বার বার প্রস্রাব করিতে ইচ্ছা হয়, কিন্তু মূত্রদ্বার বেদনা করে ও প্রস্রাব হয় না। প্রস্রাবের পর জ্বালা, প্রস্রাব বন্ধ হইয়া গেলে মূর্চ্ছা ও খেঁচুনী।

পতনাবস্থা, নাড়ী ক্ষীণ, হাত পা ঠাণ্ডা। অভ্যন্তরে পুড়িয়া যাওয়ার ন্যায় জ্বালা, কিন্তু শরীরের উপর ঠাণ্ডা।

অন্ত্রে ঝিল্লি ধ্বংসবৎ ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড দেখিতে পাইলে ক্যাম্ফ্যারিস সহোপকারক।

কেপ্‌সিকম্‌।

(CAPSICUM.)

মল—আমসংযুক্ত, রক্তমিশ্রিত আম ; চট্‌চটে আম ; পাতলা এঁটেল, কর্দ্দমের ন্যায় কাল, রক্তসংযুক্ত। বার বার ; অল্প পরিমাণে জোরে নির্গত হয়।

বৃদ্ধি—পাতলা-ধাতু-বিশিষ্ট লোকদিগের ; রাত্রিকালে, জলপানের পর ; বায়ুতে থাকিলে ; বিশেষতঃ গরম বায়ুতে (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—কর্ত্তনবৎ বেদনা; পিত্তশূল, নাভি-প্রদেশে বেদনা।

মলত্যাগকালীন—কর্ত্তনবৎ বেদনা বর্ত্তমানই থাকে, কোঁথ দিলে মলদ্বারের নিম্নে জ্বালা, সঙ্গে সঙ্গে দপ্‌দপানি বেদনা; সেক্রমে বেদনা।

মলত্যাগের পর—কোঁথপাড়া, মলদ্বারে জ্বালা করা, পিপাসা, জলপান করিলে কম্প, পৃষ্ঠে টেঁশে ধরার ন্যায় বেদনা।

আনুষঙ্গিক—ইন্দ্রিয় সবল ও উত্তেজিত হয়, বাড়ী যাওয়ার জন্য ব্যগ্রতা, গাল রক্তবর্ণ ও অনিদ্রা। ঠোঁট স্ফীত ও ফাটা। জলবৎ আস্বাদ, পচা জলপানের ন্যায় পচা স্বাদ, পিপাসাহীনতা, খাদ্যদ্রব্য অম্ল বোধ হয়, মুখে অম্ল স্বাদ। মুখে ঘা ও নিশ্বাস দুর্গন্ধযুক্ত, কফি পানের ইচ্ছা ও পান করিলে বমনোদ্রেক। তলপেট বিস্তৃত, উদরে ঠাণ্ডা বোধ।

মূত্রস্থলীতে বেগ দেওয়া, বার বার প্রস্রাব করিতে ইচ্ছা হয় কিন্তু প্রস্রাব হয় না ও মূত্রস্থলীতে জ্বালা করে। হাইতোলা ও অনিদ্রা।

কেপ্‌সিকম্ রক্তাশয় রোগের একটী প্রধান ঔষধ। ইহা ক্যাম্থারিসের সহিত সমলক্ষণাক্রান্ত, কিন্তু পরস্পর তুলনা করিলে উপসর্গগুলি বাছিয়া লওয়া যায়। যদি ইহাতে ভ্রম জন্মে তবে দেখিতে হইবে যে, মলত্যাগের পর জল থাইলে কম্পন ও পৃষ্ঠদেশে টানিয়া লওয়ার ন্যায় বেদনা এই ঔষধের বিশেষ লক্ষণ, সুতরাং মার্কুরিয়স কর ও নক্সভমিকা হইতে, এই দুই লক্ষণ দেখিয়া, এই ঔষধ প্রভেদ করা যায়।

কার্ব্বো-ভেজিটেবিলিস।

(CARBO VEGETABILIS.)

মল—পাতলা মলিন শ্লেষাযুক্ত; রক্তসংযুক্ত; (পাতলা মল) ধূসরবর্ণ; জলীয় কর্দ্দমবৎ অল্প রক্তযুক্ত। আদভাঙ্গা কৃষ্ণবর্ণ মল। বার বার; অনিচ্ছায় মলত্যাগ, মলে পচা মড়ার গন্ধ।

বৃদ্ধি—ভয়ানক তরুণ পীড়ার পর অথবা দীর্ঘকাল পীড়া ভোগ করার পর। শরীরের জলীয় অংশ নাশ হওয়াতে; অত্যন্ত গরম হইলে যদি বরফ বা কুল্পি খাইয়া উদর ঠাণ্ডা হয়, তৈলাক্ত বস্তু আহারে; নষ্ট অথবা তীব্রগন্ধবিশিষ্ট বস্তু, বিশেষতঃ চিঙ্গড়ী মাছের ন্যায় সমুদ্রজাত শেল মৎস্য ভোজনে, গ্রীষ্মকালে, রাত্রিতে; রৌদ্রে অথবা অগ্নিতে শরীর তাপিত হইলে।

মলত্যাগের পূর্ব্বে—সামান্য কর্ত্তনবৎ বেদনা।

মলত্যাগকালীন—মলদ্বারে জ্বালা ও কর্ত্তনবৎ বেদনা; নরম মলত্যাগ করিবার সময় কোঁথ দেওয়া; প্রসববেদনার ন্যায় বেগ দিতে হয়। দুর্গন্ধযুক্ত বায়ুনিঃসরণ।

মলত্যাগের পর—মলদ্বারে জ্বালা, কম্পের সহিত দুর্ব্বলতা; মলদ্বারে ও পেরিনিয়মে চুলকানি। মলদ্বার দিয়া অল্প অল্প জল নির্গত হয়।

আনুষঙ্গিক—অস্থিরতা ও চিন্তা, ৪টা হইলে ৬টা পর্য্যন্ত বেশী হয়। বালকেরা খুঁতখুঁতে হয়; মারে, কামড়ায় এবং

লাথি মারে; মুখ ঈষৎ সবুজবর্ণ, মলিন হয়; গাল লাল অথবা চট্‌চটে ঘর্ম্মযুক্তও হয়। দন্ত ও মাড়ির গোড়া হইতে সহজে রক্ত নির্গত হয়। কফি পানের ইচ্ছা; তীব্রগন্ধযুক্ত আস্বাদ, আহারের পর তলপেট এত স্ফীত হয় যে, যেন ফাটিয়া যাইবে। তলপেটে ও বৃহৎ অন্ত্রে স্থায়ী জ্বলনবৎ বেদনা, বার বার তীব্রগন্ধযুক্ত উদ্গার উঠে, সর্ব্বদা অধিক পরিমাণে সূত্রবৎ লালা নির্গমন, অধিক পরিমাণে পচা ও দুর্গন্ধযুক্ত বায়ু নিঃসরণ, চর্ম্ম মলিন, সবুজবর্ণ ও শীতল; পায়ের নলা হইতে হাঁটু পর্য্যন্ত বরফের ন্যায় ঠাণ্ডা। মূত্রবন্ধ ও মূত্র দুর্গন্ধযুক্ত; গ্রন্থি স্ফীত; ক্ষীণ।

ওলাউঠায়—রোগের প্রারম্ভে উদর হইতে রক্তস্রাব; দাস্ত না হইয়াই পতনাবস্থা উপস্থিত হয়; নাক, গাল আঙ্গুলের অগ্রভাগ বরফের ন্যায় ঠাণ্ডা; নিশ্বাস ধীরে ধীরে ও কষ্টে ফেলিতে হয়। পাখার বাতাস সেবনের ইচ্ছা হয়। পায়ের নলায় ও উরুতে খিলধরা; নড়িলে চড়িলে হিক্কা; বমন; স্বরভঙ্গ; নাড়ী সূত্রবৎ, কখন পাওয়া যায়, কখন পাওয়া যায় না, জ্ঞান একটু একটু থাকে, আবল্য। নিদ্রা ও তৎকালীন দাস্ত, বমি ও খিলধরা থাকে না। আক্ষেপযুক্ত খেঁচুনী ও তৎসঙ্গে সঙ্গেই মস্তিষ্কে ও বক্ষে রক্তাধিক্য।

ওলাউঠা ভিন্ন উদরাময় রোগের প্রথম অবস্থায় কার্ব্বো-ভেজিটেবিলিস প্রায়ই ব্যবহৃত হয় না কিন্তু রোগের শেষাবস্থায় একমাত্র এই ঔষধেই বিশেষ ফল পাওয়া যায়। হোমিওপেথিক মতে যে সকল রোগী চিকিৎসিত হইয়াছে তাহাদের অপেক্ষা

যাহারা এলোপেথিক চিকিৎসকের চিকিৎসাধীন ছিল, সেই সকল রোগীতে এই ঔষধ প্রথম প্রয়োগ ব্যবস্থেয়। ইহার পর আর্সেনিক, চায়না, মার্কুরিয়স সল ও সোরিনম ব্যবহৃত হইয়া থাকে। বহুদিবসের উদরাময় রোগের পর দুর্ব্বলতা হইলে এই ঔষধ মহোপকারী।

কার্ব্বলিক এসিড।

(CARBOLIC ACID.)

মল—দুর্গন্ধযুক্ত ; চাউল-ধোয়া জলের মত, পচা ডিম্বের ন্যায় দুর্গন্ধযুক্ত ; পাতলা আঠার ন্যায়, নাড়িলে পাতলা ফিতার ন্যায় উঠিয়া পড়ে। রক্ত ও শ্লেষ্মাযুক্ত, পিত্তযুক্ত, জলবৎ। পতনাবস্থায় পাতলা জলের ন্যায় কাল বর্ণের মল অসাড়ে নির্গত হয়। রাত্রিতে শয্যায় অসাড়ে মলত্যাগ হয়। উদরাময়, পরে কোষ্ঠবদ্ধ।

বৃদ্ধি—দুর্গন্ধযুক্ত পয়ঃপ্রণালী। প্রসবানন্তর জ্বরে ; মস্তিষ্কে জল-সঞ্চয় পীড়ার সময় (হাইড্রাকেফেলাস)।

মলত্যাগের পূর্ব্বে—বারম্বার মলত্যাগের নিষ্ফল চেষ্টা।

মলত্যাগকালীন—কোঁথ পাড়া, পেটে বেদনা ও বমনোদ্রেক।

আনুষঙ্গিক—অস্থির রোগী সর্ব্বদা যন্ত্রণা প্রকাশ করিয়া ক্রন্দন করে। হঠাৎ নিদ্রা ভঙ্গ হইয়া চমকিয়া উঠে। বমন

করে। জিহ্বা শুষ্ক ও গাঢ় হরিদ্রাবর্ণের ময়লায় আবৃত। মূত্র কৃষ্ণবর্ণ অথবা ঈষৎ কৃষ্ণাভ হরিদ্বর্ণ।

ডাক্তার পিয়ারসন সাহেব বলেন যে, দুর্ব্বলকারী উদরাময় রোগে কার্ব্বো-ভেজিটেবিলিস ও সোরিনাম প্রয়োগে কোন ফল না হইলে এই ঔষধ প্রয়োগে উপকার দর্শে।

কষ্টিকম।

(CAUSTICUM.)

মল—জলীয় মল ; সাদা আম ; অনিচ্ছায় মলত্যাগ।

বৃদ্ধি—সন্ধ্যাকালে, রাত্রিতে, তলপেটে শীতল বায়ু লাগিলে ; টাট্‌কা মাংস খাওয়ার পর, স্ক্রফিউলা-ধাতুবিশিষ্ট বালকগণের।

মলত্যাগের পূর্ব্বে—তলপেটে মোচড়ানর ন্যায় বেদনা।

মলত্যাগকালীন—মাথাঘোরা।

মলত্যাগের পর—বমনেচ্ছা, মুখ দিয়া লবণাক্ত জল উঠা, মাথাঘোরা।

আনুষঙ্গিক—সামান্য কারণেই শিশু ক্রন্দন করিয়া উঠে, অপরিচিত লোক দেখিয়া ভীত হওয়া, অন্ধকারে শয্যায় যাইতে ভয় হয়, স্মরণশক্তির হ্রাস হওয়া, মুখ পীতবর্ণ, গলার মধ্যে চাপবোধ, গলনালীতে ভাত বা অন্য কোন পদার্থ বাধিয়া থাকা বোধ হয় ও সর্ব্বদাই গলাধঃকরণ করিতে ইচ্ছা

হয়, আহারের সময় আরাম ও আহারের পর কষ্ট বোধ হয়, মিষ্ট দ্রব্য ভোজনে অনিচ্ছা, টাট্‌কা মাংস ভোজনে বমনোদ্রেক হয় ও মুখ দিয়া জল উঠে, বাসি মাংস খাইতে ইচ্ছা হয়। শীতল জল খাইবার ইচ্ছা, পাকাশয় ভারি বোধ, কাপড় ঢিলা করিয়া পরিতে ইচ্ছা হয়, তলপেট স্ফীত ও শক্ত, শরীর ক্ষয় হইতে থাকে এবং শরীরের পরিমাণে পা অত্যন্ত সরু হয়। শিশু সোজা হইয়া চলিতে পারে না, চলিতে চলিতে পড়িয়া যায়।

রাত্রিতে, বেড়াইতে বেড়াইতে এবং কাশিতে কাশিতে অনিচ্ছায় মূত্রত্যাগ হয়। কষ্টিকম প্রায়ই রোগের পুরাতন অবস্থায় ব্যবহৃত হয়; বিশেষতঃ টাট্‌কা মাংস খাইয়া যদি পেট ফাঁপিয়া পীড়া পুনরায় বৃদ্ধি প্রাপ্ত হয়, তাহা হইলে এই ঔষধ ব্যবহারে বিশেষ উপকার দর্শিয়া থাকে।

ক্যামমিলা।

(CHAMOMILLA.)

মল—সবুজবর্ণ চট্‌চটে আম, সবুজ ও সাদায় মিশ্রিত আম, সাদা ও পীতবর্ণ আম, সবুজ, জলীয়, পীতাভাযুক্ত জলবৎ, পরিবর্ত্তনশীল, অজীর্ণ, পিত্তসংযুক্ত কর্দ্দমবৎ আম, রক্তমিশ্রিত আম। গরম, অল্প, বার বার, পচা ডিমের ন্যায় গন্ধযুক্ত, অম্ল ও তীব্র গন্ধবিশিষ্ট, যন্ত্রণাশূন্য (সবুজবর্ণ জলবৎ)।

বৃদ্ধি—দন্ত উঠিবার সময়, ঠাণ্ডা লাগার পর, রাগ বা বিরক্তির পর, রাত্রিতে, তামাক খাওয়ার পর, সূতিকা-গৃহে, নিম্ন দিকে গমনে, ঘর্ম্ম হওয়ার পর।

মলত্যাগের পূর্ব্বে—চিন্তা, বেদনা।

মলত্যাগকালীন—বেদনা, উদ্গার, বমনেচ্ছা, বিবেচন, পিপাসা, মাথাধরা, চিন্তার সহিত ঘর্ম্ম।

মলত্যাগের পর—আরাম বোধ হওয়া, মলদ্বারে টানিয়া ধরা, মলদ্বারে ক্ষত।

আনুষঙ্গিক—অনেক প্রকার দ্রব্য খাইতে ইচ্ছা হয়, কিন্তু দিলে লইতে চায় না। খুঁত্‌খুতে, বদ মেজাজ; শিশুরা অত্যন্ত কাঁদে কিন্তু কোলে করিয়া বেড়াইলে সুস্থির হয়। মস্তকে বাতজনিত বেদনা; গালদ্বয় লাল, কখন কখন এক দিকের গাল লাল হয়, গালে রক্তবর্ণ কণ্ডু বহির্গত হয়, মাড়ি গরম ও স্ফীত। মুখ ও জিহ্বা শুষ্ক। জিহ্বার উপরে গাঢ় পীত অথবা সাদাবর্ণ ছাল পড়ে। তিক্ত, অম্ল অথবা মাটি মাটি আস্বাদ, খাদ্যে অনিচ্ছা; অত্যন্ত পিপাসা, অম্লযুক্ত খাদ্য দ্রব্য বমন, অথবা কর্দ্দমবৎ শ্লেষ্মা বমন, তলপেট শক্ত ও বিস্তৃত, পাকস্থলীতে ভার বোধ ও জ্বালা, কর্ত্তনবৎ ও ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা—যাহাতে শিশুরা বক্র হইয়া যায় ও পা গুটায়। অনিচ্ছায় মূত্রত্যাগ ও মূত্র উষ্ণ বোধ হয়, নিদ্রাবস্থায় কোঁকায় এবং কপালে উষ্ণ চট্‌চটে ঘর্ম্ম হয়।

আক্ষেপ, পদদ্বয় আছড়ান, হাত দিয়া চাপিয়া ধরা, মুখ এপাশ ওপাশ করা; একদৃষ্টিতে চাহিয়া থাকা, চক্ষু এবং মুখ নিষ্প্রভ; নিদ্রা, কাশি, কাশিলে বক্ষঃস্থলে সাঁই সাঁই শব্দ শ্রুত হয়। হাইড্রোলা।

অনভিজ্ঞ চিকিৎসকেরা অনেক সময় ক্যামমিলা দ্বারা রোগ

আরোগ্য করিতে অকৃতকার্য্য হইয়া থাকেন। শিশুদিগের দন্ত উঠিবার সময় পেটের পীড়া হইলে ইহাই যে একমাত্র নির্দ্দিষ্ট ঔষধ এমত নহে। যদি শিশুদিগকে কোলে করিয়া লইয়া বেড়াইলে তাহারা সুস্থ হয়, যেরূপ পূর্ব্বে বলা হইয়াছে, ও পূর্ব্বোল্লিখিত প্রকার মানসিক লক্ষণাদি যদি বর্ত্তমান থাকে, তাহা হইলে এই ঔষধ প্রয়োগে বিশেষ ফল দর্শে।

অন্যান্য লক্ষণ, বিশেষতঃ মলের লক্ষণের প্রতি মনোযোগপূর্ব্বক দৃষ্টি করিলে এই ঔষধ নির্ব্বাচন করা সহজ হয়। দীর্ঘকালস্থায়ী পীড়ায় ক্যামমিলাতে সকল সময় ফল পাওয়া যায় না এবং এই একমাত্র ঔষধেই রোগ সম্পূর্ণরূপে আরোগ্য হইতে পারে না, সুতরাং ইহার পর মার্কুরিয়স সল ও সল্ফর ব্যবহার করা কর্ত্তব্য।

চেলিডোনিয়ম্।

(CHELIDONIUM.)

মল—পাতলা; উজ্জ্বল পীতবর্ণ মল; ধূসরবর্ণ জলবৎ; আম ঈষৎ সাদাবর্ণ।

বৃদ্ধি—রাত্রিতে; (সাদা জলবৎ)।

হ্রাস—সুরাপানে (বেদনা), গরম জল পানে।

মলত্যাগের পূর্ব্বে—তলপেট গড় গড় করা, বমনোদ্রেক।

মলত্যাগের পর—পেট গড় গড় করা।

আনুষঙ্গিক—স্ফূর্ত্তিহীন; বিমর্ষ; জিহ্বার উপরে কর্দ্দমের ন্যায় সাদা ছাল পড়ে, তিক্ত আস্বাদ, কিন্তু খাদ্যে স্বাভাবিক আস্বাদ; ধাতুনির্ম্মিত বস্তুর ন্যায় আস্বাদ; ক্ষুধামান্দ্য, সুরা-

পানের ইচ্ছা, দুগ্ধ ও জল খাইবার ইচ্ছা এবং খাইতে ভাল লাগে, সিদ্ধ মাংস খাইতে অনিচ্ছা, তলপেটে বেদনা ও খাইলে আরাম বোধ হয়। পাণ্ডুরোগ, প্রস্রাব পরিমাণে অধিক ও ঈষৎ লাল, পীত বা সবুজ বর্ণ। দক্ষিণ স্ক্যাপুলার কোণে ক্রমাগত বেদনা। নিদ্রালুতা, কিন্তু নিদ্রা হয় না।

এই ঔষধের উপসর্গ অধিক দেখিতে পাওয়া যায় না। উষ্ণ বস্তু পান করিবার ইচ্ছা বলবতী থাকা চেলিডোনিয়মের একটী নির্দ্দিষ্ট লক্ষণ।

চায়না।

(CHINA.)

মল—পীতবর্ণ জলবৎ, অজীর্ণ, ঈষৎ কাল, ঈষৎ নীলবর্ণ, পাতলা জলবৎ সাদা অথবা নীলবর্ণ, রক্তসংযুক্ত, পীতবর্ণ আম, অধিক পরিমাণে ফেনাযুক্ত, তীব্রগন্ধযুক্ত।

বৃদ্ধি—আহারের পর, রাত্রিতে, প্রত্যূষে, গ্রীষ্মকালে ফলাদি ভক্ষণে, অম্ল বিয়ার পানে, হামের পর, বসন্ত রোগের আক্রমণসময়ে, তরুণ উৎকট পীড়ার পর, শরীরের জলীয় অংশের অভাব হেতু, একদিন অন্তর একদিন বৈকালে (বেদনা)।

হ্রাস—বক্র হইলে (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—বেদনা।

মলত্যাগকালীন—মলদ্বারে টেঁশে ধরা, পিপাসা।

মলত্যাগের পর—মলদ্বারের মধ্যে কৃমিতে যেরূপ শুড় শুড় করে তদ্রূপ, অত্যন্ত দুর্ব্বল বোধ।

আনুষঙ্গিক—কোন কাজে মন লাগে না, মাথাঘোরা, মুখ মলিন ও পাণ্ডুবর্ণ; ঠোঁট শুষ্ক, কাল, ফাটা; লালা নির্গমন, জিহ্বার উপর সাদা বা পীতবর্ণ ছাল পড়া, ক্ষুধামান্দ্য, তিক্ত বা অম্লযুক্ত আস্বাদ, সকল প্রকার খাদ্যে তিক্ত স্বাদ।

অম্ল দ্রব্য, সুরা ও ফল খাইবার ইচ্ছা। সর্ব্বদাই অর্থাৎ বার বার পিপাসা, কিন্তু অল্প অল্প জল পান করা। খাদ্য দ্রব্য, জল, অম্লশ্লেষ্মা ও পিত্ত বমন, প্লীহা ও যকৃৎ বৃদ্ধি। চিমটী কাটার ন্যায় অত্যন্ত বেদনা, তৎসঙ্গে বমনেচ্ছা, পিপাসা, বক্র হইলে আরাম বোধ ও প্রত্যেক দিন বৈকালে আরম্ভ হয়। নাভি-প্রদেশে কর্ত্তনবৎ বেদনা, ও কপালে ঘর্ম্ম, তলপেট বিস্তৃত, কিন্তু উদ্গার উঠিলে আরাম বোধ হয়। পেটের মধ্যে টগ্ বগ্ করে, পেট ফাঁপা, অধিক পরিমাণে বায়ু নিঃসরণ এবং অত্যন্ত দুর্গন্ধ-বিশিষ্ট বায়ুনিঃসরণ।

গাঢ় প্রস্রাব, নাড়ী শক্ত, দ্রুত ও এলোমেলো। অত্যন্ত দুর্ব্বলতা ও তৎসঙ্গে বিনা কষ্টে মলত্যাগ; ঘর্ম্ম হওয়ার ন্যায় আকার, রাত্রিকালে অধিক পরিমাণে ঘর্ম্ম, শীঘ্র শীঘ্র শক্তিহীন ও ক্ষীণ হইয়া পড়া, বালকদিগের দীর্ঘকালস্থায়ী ওলাউঠার নিদ্রালুতা, কনীনিকা বিস্তৃত, দ্রুত শ্বাস প্রশ্বাস; হনু (chin), নাসিকা, কর্ণলতিকা ঠাণ্ডা।

সুস্থ হইয়া উঠিলেও অত্যন্ত দুর্ব্বলতা; মুখমণ্ডল শ্রীহীন, কর্ণের মধ্যে ঘণ্টা বাজার মত শব্দ; শোথ হইবার উপক্রম।

কার্ব্বভেজিটেবিলিসের সহিত চায়নার অনেক সৌসাদৃশ্য

আছে; তন্মধ্যে চায়নার বিশেষ লক্ষণ এই যে, দিবসে দাস্ত হয় না, কেবল রাত্রিতেই দাস্ত হয় এবং আহারের পরই মলত্যাগ হয়। ইহার মলের লক্ষণও বিশেষ রূপ দেখা আবশ্যক। যদি উত্তমরূপে নির্ব্বাচন করিয়া প্রয়োগ করা যায়, তাহা হইলে এই ঔষধে সম্পূর্ণরূপ আরোগ্য লাভের প্রত্যাশা করা যাইতে পারে। যেখানে শোথের সম্ভাবনা দেখা যায়, সে স্থলে ইহার পর ক্যাল্‌কেরিয়া ফস্ ব্যবহার করা কর্ত্তব্য।

সিকিউটা ভাইরোসা।

(CICUTA VIROSA.)

মল—পাতলা, কর্দ্দমবৎ; কাল দুর্গন্ধযুক্ত; বার বার; জলবৎ, হঠাৎ নির্গত হয়।

বৃদ্ধি—পূর্ব্বাহ্ণ দুইটা ও পাঁচটার সময়; চাপ দিলে (তল-পেটে বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—হঠাৎ বেগ দেওয়া, এমন কি মল আটকাইয়া রাখা যায় না, পৃষ্ঠদেশে বেদনা; দুর্ব্বলতা।

মলত্যাগের সময়—প্রস্রাবের সময় অত্যন্ত বেগ দেওয়া।

মলত্যাগের পর—মলদ্বার স্ফীত ও জ্বালা-যুক্ত; বেগ দেওয়া; মূত্রত্যাগের ইচ্ছা।

আনুষঙ্গিক—চিন্তা ও বিরক্তি, মাথাধরা; মাথাঘোরা; কনীনিকা বিস্তৃত, মুখমণ্ডল বিবর্ণ অথবা চাকচিক্যশালী, গলনলী শুষ্ক, তৎপরে পিপাসা, কয়লা খাইতে ইচ্ছা; প্রাতঃকালে

ও আহারের সময় বমনেচ্ছা, দুই চারি গ্রাস খাইলেই ক্ষুধার নিবৃত্তি হয়; পাকস্থলীতে জ্বালা, স্ফীতি ও দপ্‌দপানি; বায়ুতে তলপেট ফুলিয়া থাকে; বার বার বায়ু নিঃসরণ হয়; তলপেটে ছিঁড়িয়া যাওয়ার ন্যায় বেদনা; নাভি হইতে মূত্রাধারের মুখ পর্য্যন্ত চাপ দেওয়ার ন্যায় বেদনা; হাত ও অঙ্গুলি বার বার কাঁপা ও বেদনা; হস্ত পদ শীতল; ঘর্ম্ম হইয়া ক্ষণে ক্ষণে নিদ্রালুতা; শক্তিহীন বোধ; শীত।

ওলাউঠা—উচ্চ শব্দে হিক্কা উঠা, বমি, পর ক্ষণেই বক্ষঃস্থলের বা পেক্‌টোরেল পেশীতে অত্যন্ত খেঁচনী; বমন নিবারণ হইলেই বক্ষঃস্থলে ও মস্তিষ্কে রক্তাধিক্য, মস্তকের পশ্চাদ্দিক অত্যন্ত বাঁকা, এক দৃষ্টি অথবা শিব-চক্ষু; শ্বাসকৃচ্ছ্র, নিদ্রালুতা, আক্ষেপ।

ওলাউঠায় সাইকিউটার কার্য্যকারিতা যথেষ্ট সপ্রমাণ হইয়াছে। কিন্তু উদরাময় রোগে ইহার প্রয়োগ অতি অল্পই দেখা গিয়াছে। প্রাতঃকালের মল ও তাহার আনুষঙ্গিক লক্ষণ-সমূহ, তলপেট স্ফীত হওয়া ও কয়লা খাইতে ইচ্ছা ইহার নির্দ্দিষ্ট লক্ষণ।

সিনা।

(CINA.)

মল—সবুজবর্ণ কর্দ্দমবৎ; পিত্তযুক্ত; সাদা আম; ঈষৎ লালবর্ণ আম; রক্তসংযুক্ত মল; সময়ে সময়ে কোষ্ঠবদ্ধ ও সময়ে সময়ে উদরাময়; অনিচ্ছায় বার বার মলত্যাগ।

বৃদ্ধি—শিশুদিগের দন্ত উঠিবার সময়, দিনের বেলায়; শিশুদিগের জল পানে।

মলত্যাগের পূর্ব্বে—চিমটী কাটার ন্যায় বেদনা।

আনুষঙ্গিক—ক্রন্দন করা; অত্যন্ত খিট্‌খিটে স্বভাব; রোগীকে কিছু দিলে সে লয় না; মুখমণ্ডল শ্রীহীন, বিশেষতঃ নাসিকা ও মুখের চারি দিক বিবর্ণ হইয়া যায়। চক্ষুর চারি দিক বিবর্ণ দেখিয়া রুগ্ন বলিয়া বোধ হয়।

নাসিকার মধ্যে খোঁচাবেঁধার ন্যায়, নিদ্রাকালীন দাঁত কড়্-মড়ানি। অত্যন্ত ক্ষুধা অথবা ক্ষুধামান্দ্য, তলপেটে কর্ত্তনবৎ ও চিম্‌টী কাটার ন্যায় বেদনা; সাদা অপরিষ্কৃত প্রস্রাব, সাদা গাঢ় প্রস্রাব। নিঃশ্বাস ঘন ঘন, জাগিয়া উঠা ও এপাশ ওপাশ করা, জাগিয়া ক্রন্দন, না চাপ্‌ড়াইলে ঘুমায় না। বমি জন্য খেঁচনী, শিশু শক্ত হইয়া থাকে। উপরি-উক্ত লক্ষণ-সমূহ বিবেচনাপূর্ব্বক দেখিলে সিনা প্রয়োগ করা সহজ হয়। প্রস্রাবের যে সমস্ত লক্ষণ উপরে লিখিত হইল, তাহা এই ঔষধের বিশেষ নির্দ্দিষ্ট লক্ষণ।

কফিয়া।

(COFFEA.)

মল—তরল, দুর্গন্ধযুক্ত মল।

বৃদ্ধি—শিশুদিগের দন্ত উঠিবার সময়; হঠাৎ আহ্লাদের পর, ঠাণ্ডা লাগাইলে; খোলা বায়ুতে।

আনুষঙ্গিক—অত্যন্ত স্পর্শানুভাবকতা, উত্তেজনা; জাগিয়া থাকা; বেদনা বোধ হয়, পাকস্থলী পরিপূর্ণ বোধ। খোলা বায়ুতে যাইতে অনিচ্ছা, গেলে রোগ বৃদ্ধি হয়।

কল্‌চিকম্‌।

(COLCHICUM.)

মল—জলবৎ, পরিবর্ত্তনশীল, ঈষৎ সবুজ, পীত, লাল কর্দ্দমবৎ মল; ঘন আম, সাদা গাঢ় আম ও তন্মধ্যে রক্তের ছিট; স্বচ্ছ আম; চর্ম্মের মত পদার্থ বিশিষ্ট ও রক্তযুক্ত; সাদা আম; কমলালেবুর মত বর্ণ, জলের মত, পীতবর্ণ; জলবৎ সাদা ও তন্মধ্যে চাপ চাপ মল।

অধিক পরিমাণে; বার বার (জলবৎ), অল্প পরিমাণে বার বার (রক্তমিশ্রিত ও শ্লেষ্মাযুক্ত), বিনা কষ্টে (জলবৎ), কর্দ্দমবৎ; দুর্গন্ধবিশিষ্ট, অনিচ্ছায় ও রোগীর অজ্ঞাতসারে (জলবৎ) মলত্যাগ; অল্প অম্লগন্ধযুক্ত।

বৃদ্ধি—বসন্তকালে; গরম অথবা ঠাণ্ডা সময়ে; সন্ধ্যাকালে ও রাত্রিতে। হাঁটিলে (বমন)।

মলত্যাগের পূর্ব্বে—গোচড়ানির ন্যায় বেদনা ও তাহাতে বক্রভাব, বার বার বৃথা মলত্যাগের চেষ্টা।

মলত্যাগকালীন—বেগ দেওয়া; হাগিস বাহির হইয়া পড়া, মলদ্বারের চতুর্দ্দিকস্থ শিরাতে খেঁচুনি; পৃষ্ঠদেশে কম্পন।

মলত্যাগের পর –বেগ দেওয়া, বেদনা, আরাম বোধ হওয়া; মলদ্বারে বহুক্ষণব্যাপী বেদনা; ক্ষীণ হইয়া পড়া, বেগ-নিবৃত্তি হইলেই শিশু ঘুমাইয়া পড়ে।

আনুষঙ্গিক—খিট্‌খিটে; আলোতে, শব্দে, তীব্র গন্ধে ও সঙ্কোচ হইলে রাগ হয়। ম্লান; মুখ গরম ও পিপাসা; অসহ্য তৃষ্ণা; অধিক পরিমাণে লালা নির্গমন; লালা গলাধঃকরণ করিলে গা বমি বমি করে, অন্ননালীর সঙ্কোচন, আহারীয় বস্তু দর্শনে ও ঘ্রাণে ঘৃণা বোধ; মৎস্য, মাংস, ডিম্ব ও ঝোল আঘ্রাণে বমনোদ্রেক, এমন কি মূর্চ্ছা যাওয়া। কষ্টে অত্যন্ত বমন, (জলবৎ মল নিঃসরণ), পীতবর্ণ শ্লেষ্মাযুক্ত অত্যন্ত তিক্ত বমন ও বমনের পর ভয়ানক উদ্গার উঠা; প্রত্যেক উদ্গারের সঙ্গেই বমন।

পাকস্থলীতে জ্বালা কিম্বা তলপেট বরফের ন্যায় ঠাণ্ডা; বেদনা, তলপেট বায়ুতে পূর্ণ হওয়া প্রযুক্ত স্ফীত; তলপেটের নিম্নদেশ স্ফীত; পায়ের নলা ঠাণ্ডা ও তাহাতে ফোঁড়া, হাত পায়ে খিলধরা, অল্প বোধ। প্রস্রাব গাঢ় ধূসরবর্ণ ও অল্প; অত্যন্ত দুর্ব্বলতা ও শয্যাগত হওয়া।

যন্ত্রণাহীন ওলাউঠায় পডোফাইলমের পরই ইহা ব্যবহৃত হয়। প্রভেদ এই যে, ইহার মল অল্প বেগে নির্গত হয়, বৃদ্ধির সময় বমনোদ্রেক ও বমন হয়। ইহার অন্যান্য লক্ষণ সমুদায় পর্য্যালোচনা করিয়া এলোজ, ক্যাম্ফারিস, ও কেলি বাইক্রমিকম্ হইতে ইহাকে পৃথক করিয়া লইতে হয়।

কলসিন্থ।

(COLOCYNTH.)

মল—ধূসর বা পীতবর্ণ মল; জাফরানের মত পীতবর্ণ, ফেনা-যুক্ত, তরল; প্রথমতঃ জলবৎ ও আমসংযুক্ত, তৎপরে পিত্ত-সংযুক্ত এবং শেষে রক্তমিশ্রিত; রক্তসংযুক্ত, পিত্তযুক্ত; চট্‌চটে রক্তমিশ্রিত পাতলা, সবুজবর্ণ, চট্‌চটে জলবৎ, পাতলা আম (কষ্টহীন), অজীর্ণ। বার বার অল্প পরিমাণে; অম্লগন্ধবিশিষ্ট ও পচা; ভিজা, ধূসরবর্ণ কাগজ পোড়ানর ন্যায় গন্ধযুক্ত।

বৃদ্ধি—ঠাণ্ডা বস্তু আহারে; অম্ল দ্রব্য ভোজনে, আহারে বা পানে। আহারের পরে, ফল খাইলে; নড়িলে; তাক্ত হইলে; মনোদুঃখে বা রাগে; দন্ত উঠিবার সময়ে।

হ্রাস—কফি বা তামাক খাইলে; চাপ দিলে; তলপেটে ভর দিয়া শুইলে; বক্র হইলে; অত্যন্ত ব্যায়ামের পর (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—মলের বেগ সম্বরণ করিয়া রাখা যায় না; কর্ত্তনবৎ বেদনা, অত্যন্ত বেগ দেওয়া।

মলত্যাগকালীন—মাথা টনটনানি; কর্ত্তনবৎ বেদনা; কোঁথ দেওয়া; বমনোদ্রেক; মূত্রপথে জ্বালা।

মলত্যাগের পর—বেদনার নিবৃত্তি (কদাচিৎ বেদনা থাকে, কিন্তু মলত্যাগের পর বৃদ্ধি)। দুর্ব্বলতা, বিষণ্ণভাব ও শয্যাগত হওয়া।

মলদ্বারে জ্বালা ও আঘাতের ন্যায় বেদনা; সেক্রম অস্থিতে বেদনা।

আনুষঙ্গিক—জিহ্বায় সাদা অথবা পীতবর্ণ ছাল পড়া;

জিহ্বা পুড়িয়া যাওয়ার ন্যায় বোধ ; জিহ্বার অগ্রভাগে জ্বালা ; মুখে তিক্ত স্বাদ ; অত্যন্ত ক্ষুধা ও পিপাসা ; যে পর্য্যন্ত না ঘুমান যায়, ততক্ষণ বমনোদ্রেক, কিন্তু বমি হয় না ; জাগিলে বমনেচ্ছা। আহার্য্য বস্তু বমন, কিন্তু গা বমি বমি করে না। পিত্ত ও নীলবর্ণ পদার্থ বমন।

অন্ত্রে অত্যন্ত মোচড়ান ; কর্ত্তনবৎ ও চাপ দেওয়ার ন্যায় বেদনা ক্রমে পাকস্থলী পর্য্যন্ত আইসে ; বমনোদ্রেক, বেদনা এমন কি উরুদেশ পর্য্যন্ত আইসে, তলপেটের মধ্যে ফাটা ও খোঁচা দেওয়ার ন্যায় বেদনা। আহারে বা পানে বেদনার বৃদ্ধি ; তলপেট গড় গড় করে ও বিস্তৃত হয়। গাঢ় দুর্গন্ধযুক্ত প্রস্রাব, বার বার বেগ দেওয়া, কিন্তু মল অল্প পরিমাণে নির্গত হয়। প্রস্রাব জমিয়া থাকে ; গায়ে এবং পায়ের নলায় খিলধরা ; গা গরম, হাত ঠাণ্ডা ; তলপেট হইতে ঠাণ্ডা। অনিদ্রা।

কলসিন্থে বেদনা প্রায়ই বর্ত্তমান থাকে এবং ইহা এই ঔষধের নির্দ্দিষ্ট লক্ষণ। মলত্যাগের সময়, পরে বা পূর্ব্বে যে সময়েই কেন বেদনা থাকুক না, কলসিন্থ ব্যবহারে সেই বেদনা ও তৎসঙ্গেই অন্যান্য লক্ষণাদি দূর হয়। রক্তাশয়ে যখন অত্যন্ত বেগ হয়, তখন এই ঔষধের পর মাকুরিয়স্ ব্যবহার করা কর্ত্তব্য।

ক্রোটন।

(CROTON.)

মল—পীতবর্ণ জলবৎ ; গাঢ় সবুজবর্ণ অথবা সবুজ, পীতবর্ণ, তরল ; চট্‌চটে আম ; ধূসর ও সবুজবর্ণ ; অপাক।

বার বার অল্প পরিমাণে (শ্লেষ্মাযুক্ত মল), অধিক পরিমাণে (পীতবর্ণ জলবৎ) ; গুটি গুটি মল।

বৃদ্ধি—জলপানের পর; শিশুদিগের স্তন পান করার সময় ; আহারের সময়। নড়িলে চড়িলে ; ফল অথবা মিঠাই খাইলে।

হ্রাস—গরম দুধ খাইলে (বেদনা) ; নিদ্রার পর।

মলত্যাগের পূর্ব্বে—গরম বোধ ; উদ্বেগ ; পাকাশয়ে কর্ত্তন-বৎ বেদনা।

মলত্যাগের সময়—ঘর্ম্ম ; বমনেচ্ছা ; বেদনা ; মলদ্বারের পশ্চাদ্দিকের অস্থিতে বেদনা। শরীর আই ঢাই করা, গা বমি বমি করা ; হালিস বাহির হইয়া পড়া।

মলত্যাগের পর—কপালে ঘর্ম্ম ; এপিগ্যাষ্ট্রীয়াম ও অম্বাই-লিকসে চাপ বোধ, হালিস বাহির হওয়া, কখন কখন বেগ দেওয়া। বমনোদ্রেক ও মূর্চ্ছা। অত্যন্ত দুর্ব্বলতা।

আনুষঙ্গিক—ওষ্ঠ শুষ্ক ও রুল দিয়া যাওয়ার ন্যায় ; বমনেচ্ছা ও দৃষ্টিহীনতা, উকি ও তৎসঙ্গে মাথাঘোরা ; জল-পানে উকির বৃদ্ধি। জলপানের পরই বমন ; খাদ্য বমন ; পীত ও সাদাবর্ণ ফেনাযুক্ত তরল বস্তু বমন ; পাকস্থলীতে জ্বালা ও ভারবোধ ; নাভি বা অম্বাইলিকস প্রদেশে ছিঁড়িয়া যাওয়ার ন্যায় বেদনা ; অম্বাইলিকস প্রদেশে হাত দিলে পাকাশয় হইতে মলদ্বারের উপরিভাগ পর্য্যন্ত বেদনা বোধ ; এবং তাহাতে হালিস বাহির হইয়া পড়া।

ক্রোটনের তিনটি প্রধান নির্দ্দিষ্ট লক্ষণ এই :—পীতবর্ণ

জলবৎ মল, হঠাৎ ও বেগে মল নির্গমন এবং আহারে বা পানে পীড়ার বৃদ্ধি। এই তিনটী লক্ষণ বর্ত্তমানে এই ঔষধ প্রয়োগ করিলে রোগ নিশ্চয় শীঘ্র আরোগ্য হইবে। অক্লেশকর মলত্যাগও ইহার একটী প্রধান লক্ষণ।

কিউপ্রম মেটেলিকম।

(CUPRUM MET.)

মল—জলবৎ, আদভাঙ্গা; রক্তমিশ্রিত; কাল জলবৎ; বার বার, অল্প পরিমাণে মলনিঃসরণ।

বৃদ্ধি—সবিরাম জ্বরে ও ওলাউঠার সময়ে।

হ্রাস—শীতল জলপানে (বমন)।

আনুষঙ্গিক—অস্থিরতা, গা চুল চুল করা ও অসুখ বোধ, ভীত চেহারা; মুখ কালি হইয়া যাওয়া, মুখ ও ঠোঁট নীলবর্ণ এবং ঠাণ্ডা, চক্ষু খোলে পড়া ও চতুর্দ্দিকে সবুজবর্ণ গোলাকার দাগ পড়া। অত্যন্ত পিপাসা; মুখে মিষ্ট স্বাদ; দড়ির ন্যায় ও মিষ্ট লালা নিঃসরণ, জিহ্বাগ্র শীতল; সকল বস্তুতেই পরিষ্কৃত জলের ন্যায় আস্বাদ; গরম জল ও গরম খাদ্য খাইতে ইচ্ছা। জলপান করিবার সময়ে অন্ননালীতে ঢক ঢক শব্দ হওয়া। অত্যন্ত বমনেচ্ছা, পিত্ত বমন; জলবৎ ও চামড়ার ন্যায় পদার্থ বমন, তৎসঙ্গে শূলবৎ বেদনা ও খেঁচুনী। পাকস্থলীতে অত্যন্ত বেদনা, তলপেট শক্ত ও হাত দিলে বেদনানুভব হয়। হাইপোগ্যাষ্ট্রীয়মে তাপবোধ। তলপেটে আক্ষেপ, ষ্টারনম বা বক্ষোস্থির নীচে টানিয়া ধরার ন্যায় বেদনা; তলপেট ও হস্ত পদে খিলধরা ও চীৎকার করা।

গলনালীর আক্ষেপ বশতঃ কথা কহিতে পারা যায় না ; শ্বাসকৃচ্ছ্র, উহা এত অধিক হয় যে, মুখের সম্মুখে কাপড় ইত্যাদি ধরিলে কষ্ট বোধ হয়। দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ, প্রস্রাব অল্প, বা কদাচিৎ হয়, অথবা একেবারেই বন্ধ হয়। পায়ে ও পায়ের নলীতে অত্যন্ত খেঁচুনী।

নাড়ী কোমল, দ্রুত, কিন্তু অত্যন্ত দুর্ব্বল ও অল্প অল্প অনুভব করিতে পারা যায়। বমনের পর সংজ্ঞাবিহীন নিদ্রালুতা ; শরীর অত্যন্ত ঠাণ্ডা ও নীলবর্ণ হইয়া যাওয়া এবং বহুক্ষণব্যাপী ঠাণ্ডা ঘর্ম্ম ও শয্যাগত হইয়া পড়া।

খেঁচুনী ও ক্রমাগত বমন এবং পেটে অত্যন্ত বেদনা। মুখ নীলবর্ণ ও খেঁচুনী ; হাতের অঙ্গুলী বাঁকিয়া যাওয়া।

খেঁচুনী কিউপ্রগের একটী নির্দ্দিষ্ট লক্ষণ এবং ইহার প্রতি লক্ষ্য রাখিয়া এই ঔষধ হইতে ক্যাম্ফর, ভেরেট্রম এবং আরজেণ্টম্ নাইট্রিকম পৃথক্ করা যায়।

ডিজিটেলিস্।

(DIGITALIS.)

মল—জলবৎ ও আমসংযুক্ত ; ঈষৎ পীতবর্ণ সাদা মল ; ঈষৎ সাদা ও ছাইয়ের মত কাল মল ; অনিচ্ছায় মলত্যাগ।

বৃদ্ধি—পাণ্ডুরোগের সময়ে ; বৈকালে ৪টা হইতে ৬টা পর্য্যন্ত (বমন)।

মলত্যাগের পূর্ব্বে—কর্ত্তনবৎ ও ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা ; ঠাণ্ডাবোধ ; মূর্চ্ছা।

মলত্যাগের পর—মলদ্বারে বেগ দেওয়া।

আনুষঙ্গিক—মুখমণ্ডল বিবর্ণ ও নীলের আভাযুক্ত; মুখমণ্ডল ও কনজংটিবা পীতবর্ণ; জিহ্বা সাদাবর্ণ ছালে আবৃত; মুখের মধ্যে জিহ্বা ও গাটীতে ক্ষত; দুর্গন্ধযুক্ত ও মিষ্টস্বাদবিশিষ্ট লালা নির্গমন; জিহ্বা পরিষ্কৃত কিন্তু ক্ষুধামান্দ্য। পিপাসা ও অম্লবস্তু পানের ইচ্ছা; তিক্ত খাইতে ইচ্ছা, অত্যন্ত বমনোদ্রেক ও অস্থিরতা; নৈরাশ্য, খাদ্য দ্রব্য বমন; সবুজ পিত্ত বা শ্লেষ্মা বমন; বমনের সহিত শরীর উষ্ণ হয় অথবা শীত বোধ হয় এবং তৎপরেই ঘর্ম্ম ও শীত হয়। যকৃতে টনটনানি।

ঘন ঘন প্রস্রাবের বেগ কিন্তু অল্পমাত্র মূত্র বাহির হয়; অত্যন্ত দুর্ব্বলতা। পাকাশয়ের দুর্ব্বলতা, রোগীর মনে মৃত্যুভয় হয়। দুর্ব্বল ও মৃদুগতিবিশিষ্ট নাড়ী।

সাদা মল; পাণ্ডুরোগের উপসর্গসমূহ ও পাকাশয়ের দুর্ব্বলতা ডিজিটেলিসের নির্দ্দিষ্ট লক্ষণ।

ডল্‌কামারা।

(DULCAMARA.)

মল—পীত, সবুজ, জলবৎ। সাদা, জলবৎ, রক্তসংযুক্ত, পিত্তসংযুক্ত ও পরিবর্ত্তনশীল। অম্লগন্ধযুক্ত।

বৃদ্ধি—ঠাণ্ডা লাগাইলে। গ্রীষ্মকালে যখন দিবসে অত্যন্ত গরম হয় কিন্তু রাত্রিকালে শীত বোধ হয় (একো), শীত ও আর্দ্র ঋতুতে। রাত্রিকালে। দন্তোদ্গমের সময়ে,

শীতল বস্তু সেবনে, অপরাহ্ণে, গর্ভাবস্থায়, সন্ধ্যাকালে এবং কোন আর্দ্র স্থানে বাস করিলে।

মলত্যাগের পূর্ব্বে—ঘর্ম্ম, বমনোদ্রেক, পেটে বেদনা।

মলত্যাগকালে—পেটে বেদনা, ঘর্ম্ম, পিপাসা, উদ্গার, বমন ও মূর্চ্ছার ভাব।

মলত্যাগের পর—পিপাসা, আরাম কিন্তু দুর্ব্বল বোধ, মলদ্বারে জ্বালা।

আনুষঙ্গিক—অধৈর্য্য, আলস্য বোধ কিম্বা অস্থিরতা, মুখশ্রী বিবর্ণ, মুখে ক্ষত, জিহ্বা শুষ্ক, মাড়ী স্ফীত এবং মুখ হইতে সর্ব্বদা থুথু বাহির হওয়া। শীতল জল পানের ইচ্ছা, ক্ষুধামান্দ্য। ঠাণ্ডা লাগিয়া পীড়া হইলে এই ঔষধ উত্তম।

গ্রাফাইটিস।

(GRAPHITES.)

মল—ধূসরবর্ণ, তরল, অজীর্ণবস্তুমিশ্রিত; অত্যন্ত দুর্গন্ধযুক্ত, কাদার ন্যায় চাপ চাপ মলদ্বারে লাগিয়া থাকে; জলবৎ, ঈষৎ লাল বা সাদা আম; দড়ির ন্যায় গুটি গুটি আম, অম্লগন্ধযুক্ত বা দুর্গন্ধযুক্ত।

বৃদ্ধি—রাত্রিতে; ঠাণ্ডা লাগাইলে; স্ত্রীলোকদিগের ঋতুর পর, জলপানে।

মলত্যাগের পূর্ব্বে—বেদনা।

মলত্যাগের সময়—মলদ্বারে জ্বালা; কোঁতপাড়া।

মলত্যাগের পর—মলদ্বারে ক্ষত বোধ। অর্শের মত টনটনানি, অল্পকালস্থায়ী অত্যন্ত দুর্ব্বলতা।

আনুষঙ্গিক—শিশু অবাধ্য হইয়া উঠে, গালাগালি দিলে হাসে। মুখে তিক্ত স্বাদ। প্রাতঃকালে পচা ডিম্বের ন্যায় আস্বাদ; আহারের পর অম্লস্বাদ; জিহ্বা পুরুলেপযুক্ত; লবণাক্ত বস্তু, মাংস ও মৎস্য ভোজনে অনিচ্ছা; মিষ্ট দ্রব্য দেখিলে বমনোদ্রেক; পচা ঢেকুর উঠা; পেট ঠাণ্ডা করিবার জন্য জলপান করা, কিন্তু পিপাসা থাকে না; তলপেট শক্ত ও পূর্ণ বোধ; তলপেট বিস্তৃত; আহারের পর অল্প স্ফীত; মস্তিষ্কে রক্তাধিক্য। প্রস্রাব দুর্গন্ধ ও অম্লগন্ধ যুক্ত। প্রস্রাবে লালবর্ণ সেডিমেণ্ট জমা, দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম।

শরীর অলস বোধ; পা মেলিয়া বসিতে ইচ্ছা হয় কিন্তু পারা যায় না। চুলকানি, দূষিত পদার্থ শরীর হইতে বহির্গত হইবে বোধ হয়। শরীর ক্ষীণ।

উদরাময় রোগের পক্ষে গ্রাফাইটিস একটী উৎকৃষ্ট ঔষধ। যখন রোগ পুরাতন হয় এবং উপযুক্ত উপসর্গ থাকে, তখন এই ঔষধ উপযোগী। স্থূলাকার লোকদিগের পক্ষে, এবং যাহাদের সদাসর্ব্বদা সর্দ্দি লাগিয়া থাকে ও গায়ে পাঁচড়া, চুলকানি হয় ও তাহা হইতে দূষিত পদার্থ নির্গত হইতে থাকে (ইহা প্রায়ই কাণের পশ্চাতে ও গাঁইটে হয় এবং ঘর্ম্ম একেবারেই হয় না), তাহাদের পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী।

জেল্‌সিমিয়ম্‌।

(GELSEMIUM.)

মল—পীতবর্ণ; মাখনের ন্যায় বর্ণবিশিষ্ট মল; পিত্তযুক্ত; বা অথবা জলপাইয়ের ন্যায় সবুজবর্ণ; অনিচ্ছায় মলত্যাগ।

বৃদ্ধি—ভয়, শোক অথবা অমঙ্গল সংবাদাদি শ্রবণে কাতর হইয়া পড়িলে; উৎসাহে, সন্ধ্যাকালে।

মলত্যাগের পূর্ব্বে—বেদনা, বায়ু নির্গমন।

মলত্যাগের সময়—মলত্যাগের সময় কষ্ট হয়; মলদ্বারের চতুর্দ্দিকস্থ পেশীর আক্ষেপযুক্ত কুঞ্চন।

আনুষঙ্গিক—শিশুদিগের নাড়ী পরীক্ষা করিতে গেলে তাহারা উন্মত্ত হয়। পড়িয়া যাওয়ার আশঙ্কা ও সম্মুখে যে বস্তু দেখে তাহাই ধরিবার চেষ্টা; চমকিয়া কাঁদিয়া উঠা, মাতালের ন্যায় হওয়া; নিস্তব্ধ ও একাকী থাকিতে ভালবাসা।

মাটী স্ফীত ও টনটনানি; জিহ্বা সাদা পীতবর্ণ ছালে আচ্ছাদিত; নিঃশ্বাস দুর্গন্ধযুক্ত; পিপাসা অল্প বা একেবারেই থাকে না; হাঁটিলে পাকাশয়ে বেদনা কিন্তু বেশী হাঁটিলে উপশম বোধ হয়। পৃষ্ঠে শীতবোধ; নিদ্রালুতা; সামান্য জ্বর, নাড়ী পূর্ণ, এলোমেলো, মৃদু।

সহসা ভয় বা চিন্তা উপস্থিত হওয়াতে অনেকে উদরাময় রোগে আক্রান্ত হয়েন। পরীক্ষা-গৃহে অথবা অস্ত্র করিবার জন্য ভয় উপস্থিত হইলে জেল্‌সিমিয়ম ব্যবহেয়।

গমিগাটি।

(GUMMI GUTTI)

মল—পাতলা পীতবর্ণ জলবৎ মল; পীত বা সবুজবর্ণ জলবৎ ও তৎসঙ্গে আম; ঘন পীত ও ধূসরবর্ণ জলবৎ; রক্ত-মিশ্রিত আম, চট্‌চটে; গাঢ় সবুজবর্ণ আম; অপক্ক।

দুর্গন্ধযুক্ত (গাঢ় সবুজবর্ণ আমযুক্ত মল); বার বার, অধিক পরিমাণে, অনেক চেষ্টার পর অথবা সহসা মল নির্গমন।

বৃদ্ধি—পূর্ব্বাহ্নে; দিবসে; সুরাপান করিলে।

হ্রাস—তলপেট চাপিয়া ধরিলে (কর্ত্তনবৎ বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—সহসা বেগ দেওয়া, তলপেট উষ্ণ, ও তথায় চিম্‌টি কাটার ন্যায় বেদনা; মলদ্বারে সূচীবিদ্ধের ন্যায় বেদনা; তলপেট পূর্ণ ও ভারি বোধ।

মলত্যাগের সময়—জোরে বেগ দেওয়া ও সহসা মল নির্গমন; অত্যন্ত বায়ু নিঃসরণ, মলদ্বারে জ্বালা ও উষ্ণ বোধ; কোঁথ দেওয়া; হালিস বাহির হইয়া পড়া; নাভির চতুর্দ্দিকে কর্ত্তনবৎ বেদনা; অঙ্গ প্রত্যঙ্গে শীতল ঘর্ম্ম।

মলত্যাগের পর—তলপেটে আরাম বোধ হয়, যেন কোন ক্লেশদায়ক পদার্থ অন্ত্র হইতে বহির্গত হইয়া গেল; মলদ্বারে ক্ষতবোধ।

আনুষঙ্গিক—বিষাদ, ভীতিচিহ্ন; মুখে তিক্তস্বাদ; জিহ্বা জ্বালা করা; ক্ষুধামান্দ্য; ক্ষুধা অধিক বোধ হয়, কিন্তু অল্প আহারেই পেট ভরিয়া উঠে; মুখে ঘা; মুখের মধ্যে, ঠোঁটের নীচে ও গালে ঘা, কিছু খাইলে বা জলপান করিলে

বমনেচ্ছা ও বমন (সঙ্গে সঙ্গে জলবৎ ও আমযুক্ত মল বর্ত্তমান থাকে) ; পেট গড় গড় করে ; বোতল হইতে জল পতনের ন্যায় পেটে শব্দ হয়। ইলিওসিকেল প্রদেশে বেদনা, চাপিলে উহা বেশী হয়। প্রস্রাবে পিঁয়াজের ন্যায় গন্ধ ; সর্ব্বাঙ্গে ক্ষত বোঁধ, অত্যন্ত ক্লান্তি বোধ ও দুর্ব্বলতা। ক্ষীণ হইয়া পড়া।

তরুণ ও পুরাতন উদাময়, রক্তামাশয় ও বালকদিগের ওলাউঠার পক্ষে গমিগটি একটী অত্যুৎকৃষ্ট ঔষধ ; এলোজের সহিত ইহার বিশেষ সৌসাদৃশ্য আছে। বিশেষ এই যে, ইহাতে রক্তস্রাব থাকে না ; মল হঠাৎ জোরে নির্গত হয় ও উপরি-লিখিত মলের অন্যান্য লক্ষণসমূহ বর্ত্তমান থাকে। যদি ভালরূপ নির্ব্বাচন করা যায়, তবে গ্যাম্বোজ অন্যান্য ঔষধের সাহায্য ব্যতিরেকে সম্পূর্ণরূপে রোগ আরোগ্য করিতে সমর্থ হয়।

জেট্রোফা।

(JATROPHA.)

মল—জলবৎ প্রচুর মল, স্রোতের ন্যায় হুড় হুড় করিয়া নির্গত হয়।

আনুষঙ্গিক—মুখমণ্ডল বিষণ্ণ, চক্ষুর চতুর্দ্দিকে কৃষ্ণবর্ণ গোলাকার দাগ পড়ে। রোগী রোগ জন্য কোন চিন্তা করে না। মুখ শুষ্ক ও জ্বলিয়া যায়, অত্যন্ত পিপাসা। ঘোর সবুজ-বর্ণ পিত্ত ও শ্লেষ্মা বমন হয়। পাকস্থলীতে জ্বালা। পেটের ভিতরে হুড় হুড় শব্দ করে, উহা মলনিঃসরণ হইলেও নিবৃত্ত হয়

না। পদদ্বয়ে অত্যন্ত খিলধরা, শরীর শীতল। শীতল ঘর্ম্ম নির্গমন।

ওলাউঠায় এই ঔষধে অনেক সময় যথেষ্ট উপকার পাওয়া যায়। বমনে ডিঙ্গলালের ন্যায় পদার্থ থাকিলে এই ঔষধ বিশেষ নির্দ্দিষ্ট। কোন কোন স্থানে ইপিকাকের সহিত সাদৃশ্য থাকিলে ইহাতে ভয়ানক পিপাসা ও ভয়ানক খিল ধরা বর্ত্তমান থাকে।

ইপিকাকুয়ানা।

(IPECACUANIIA.)

মল—সবুজবর্ণ আমমিশ্রিত, ঘাসের ন্যায় সবুজবর্ণ; চাপ চাপ সবুজবর্ণ; জলবৎ, লেবুর ন্যায় বর্ণবিশিষ্ট; সাদা আম-সংযুক্ত রক্তমিশ্রিত; ছাকড়া ছাকড়া, পিত্তযুক্ত; গাঢ়, কৃষ্ণবর্ণ গুড়ের ন্যায় ফেনাযুক্ত। পচা দুর্গন্ধযুক্ত, বার বার।

বৃদ্ধি—রাত্রিতে; সন্ধ্যাকালে; শিশুদিগের দন্ত উঠিবার সময়; ঠাণ্ডা লাগাইলে; হাঁটিলে (বেদনা); বসন্তকালে, অপক্ক ফল বা শাকসবজী ভক্ষণে; অম্ল বস্তু আহারে।

হ্রাস—বিশ্রাম করিলে (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—বেদনা; বমনেচ্ছা, বমন।

মলত্যাগের সময়—বেদনা, বমনেচ্ছা; বমন; শীত, মলিনতা; অত্যন্ত কোঁথ দেওয়া (আমাশয়ের মল)।

মলত্যাগের পর—ক্লান্তি বোধ, কোঁথ দেওয়া (আমাশয়ের)।

আনুষঙ্গিক—টাটানি; অস্থিরতা; মুখমণ্ডল বিবর্ণ, চক্ষুর চারি দিক নীলবর্ণ, গা বমি বমি; কনীনিকা বিস্তৃত, নাসিকা হইতে রক্ত নির্গত হওয়া; কপালে শীতল ঘর্ম্ম; জিহ্বা পরিষ্কৃত, মুখ হইতে অধিক পরিমাণে লালা নির্গমন; আহারে অনিচ্ছা, তৃষ্ণাশূন্যতা, মিষ্টদ্রব্য ভোজনের ইচ্ছা। বমনেচ্ছা, তলপেট হইতে উকি উঠা ও লালা নির্গমন।

বমন—আহারের পর খাদ্য ও পীতবর্ণ শ্লেষ্মা, পিত্ত, অধিক পরিমাণে দুর্গন্ধযুক্ত চাপ চাপ শ্লেষ্মা, সবুজবর্ণ কাদা কাদা শ্লেষ্মা; ঘাসের ন্যায় অধিক পরিমাণে সবুজবর্ণ শ্লেষ্মা; গা বমি বমি করা; উদর স্ফীত ও বেদনা; অন্ত্র হাত দিয়া চাপিয়া ধরিলেও অম্বাইলিকস প্রদেশে টানিয়া ধরার ও চিম্‌টী কাটার ন্যায় বেদনা; ত্বক্ শীতল; শ্বাসকষ্ট, বক্ষঃস্থল শ্লেষ্মা-পূর্ণ, খেঁচুনী ও চক্ষু অর্দ্ধমুদিত করিয়া নিদ্রা; নিদ্রালুতা ও নিদ্রাকালীন শরীরস্থ ধমনীসমূহ কম্পিত।

বমনেচ্ছা ইপিকাকের একটী প্রধান লক্ষণ। পূর্ব্বোল্লিখিত উপসর্গসমূহযুক্ত বমন এবং শূলবৎ বেদনা প্রায়ই না থাকাও ইহার নির্দ্দিষ্ট লক্ষণ। দীর্ঘকালস্থায়ী রোগের পক্ষে এই ঔষধ বিশেষ উপকারক বলিয়া বোধ হয়।

আইরিস ভার্সিকোলার।

(IRIS VERSICOLOR.)

মল—জলবৎ; জলবৎ আমসংযুক্ত; রক্তমিশ্রিত আম; পাতলা পীতবর্ণ মল; কৃষ্ণবর্ণ। বার বার, অসাঢ়ে, অধিক পরিমাণে দুর্গন্ধযুক্ত মলত্যাগ।

বৃদ্ধি—রাত্রিতে, গ্রীষ্মকালে।

হ্রাস—বাকিয়া পড়িলে বেদনার উপশম।

মলত্যাগের পূর্ব্বে—পেট গড় গড় করা, পেটের নিম্নদেশে কর্ত্তনবৎ বেদনা।

মলত্যাগের সময়—কর্ত্তনবৎ ও ভয়ানক পেট কামড়ানি বেদনা, মলদ্বারে জ্বালা, দুর্গন্ধযুক্ত বায়ু নিঃসরণ।

মলত্যাগের পর—মলদ্বারে কাঁটাবেঁধা ও অগ্নির ন্যায় জ্বালা।

আনুষঙ্গিক—নৈরাশ্য, ভয়ানক মাথাধরা, মুখে তিক্ত স্বাদ, চট্‌চটে লালা নিঃসরণ, মুখ হইতে মলদ্বার পর্য্যন্ত ভয়ানক জ্বালা, শুষ্ক উদ্গার, বমনোদ্রেক, বমন ও গলা জ্বালা, বমনের সময়ে পেটবেদনা; পিত্ত ও খাদ্য বমন, অত্যন্ত অম্ল জল বমন হইয়া বুক জ্বলিয়া যায়, পেট গড় গড় করে, পেট ফাঁপে মূত্রত্যাগে জ্বালা, খিলধরা, জ্বর ও ঘর্ম্ম, প্রথম হইতেই ভয়ানক দুর্ব্বলতা, গ্রীষ্মকালে সামান্য ওলাউঠায় আইরিস উত্তম ঔষধ। জিহ্বা ও সর্ব্বশরীর শীতল হইয়া যায়।

লেপ্ট্যান্ড্রা।

(LEPTANDRA.)

মল—কাল এবং মলযুক্ত অথবা তরল, উহা পাকাশয় হইতে স্রোতের ন্যায় নির্গত হয়; কাল আল্‌কাতরার ন্যায় ঈষৎ পীত বা সবুজ বর্ণ; জলবৎ, আমযুক্ত; জলবৎ, অধিক পরিমাণে আম-মিশ্রিত; ঈষৎ সবুজবর্ণ কাদার ন্যায় অথবা জলবৎ; আম ও পিত্ত মিশ্রিত, পরিমাণে অধিক, দুর্গন্ধযুক্ত ও অজীর্ণ-বস্তু-মিশ্রিত।

বৃদ্ধি—প্রাতঃকালে শয্যা হইতে উঠিলে এবং বৈকালে বেড়াইলে; বৈকালে এবং সন্ধ্যার সময়; মাংস বা শাক সবজী খাইলে।

মলত্যাগের পূর্ব্বে—এরূপ ভয়ানক বেগ হয় যে সহ্য করিয়া থাকা যায় না; অত্যন্ত বেদনা, পেট গড়' গড় করিয়া ডাকা।

মলত্যাগের পর—নাভিপ্রদেশে তীক্ষ্ণ কর্ত্তনবৎ বেদনা, তলপেটে ও মলদ্বারে দুর্ব্বলতা, এবং অবসন্নতা, অত্যন্ত ক্ষুধা। শরীর দুর্ব্বল বোধ।

আনুষঙ্গিক—মুখের চেহারা ক্ষীণ ও পীতবর্ণ, জিহ্বার মধ্যস্থল পীতবর্ণ লেপযুক্ত; বমনোদ্রেক ও তৎসঙ্গে অবসন্নতা; বমন, এপিগ্যাষ্ট্রীয়ম ও নাভিপ্রদেশের মধ্যস্থলে তীক্ষ্ণ কর্ত্তনবৎ বেদনা ও অত্যন্ত কষ্টবোধ; যকৃৎপ্রদেশে জ্বালা ও বেদনা এবং ঠাণ্ডা জল খাইলে বেদনার বৃদ্ধি; প্রস্রাব ধূসরবর্ণ, অত্যন্ত দুর্ব্বলতা। নেবা বা জন্‌ডিস্।

লেপ্টেণ্ড্রিয়ার কার্য্য অতি অল্পই পরীক্ষিত হইয়াছে। যকৃৎপ্রদেশের লক্ষণসমূহের প্রতি বিশেষ লক্ষ্য রাখা আবশ্যক। মলত্যাগের পর পেটে চাপ দেওয়ার ন্যায় বেদনা ও কোঁথ না দেওয়া লক্ষণ দেখিয়া ইহাকে মার্কুরিয়স সলিউবিলিস হইতে পৃথক্ করিয়া লওয়া যায়।

লাইকোপোডিয়ম্।

(LYCOPODIUM.)

মল—পাতলা, ধূসরবর্ণ অথবা ফেঁকাশে, শক্ত শক্ত মল। পীতবর্ণ অথবা ঈষৎ লাল ও পীত মিশ্রিত জলবৎ; ঈষৎ রক্তবর্ণ আমসংযুক্ত; অজীর্ণ; গাঢ়; রক্তসংযুক্ত; দুর্গন্ধযুক্ত, অক্লেশকর (আমাশয়িক মল)।

বৃদ্ধি—অপরাহ্ণ ৪টা হইতে ৮টা পর্য্যন্ত (বায়ুনিঃসরণ, বেদনা এবং মল নিঃসরণ); রাত্রি ১টার সময় অথবা দুই প্রহর রাত্রির পর (মলত্যাগ); ঠাণ্ডা বস্তু আহারের পর, ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ বসিয়া যাওয়ার পর।

হ্রাস—উদ্গার উঠিলে; কোমরের কাপড় আল্গা করিয়া দিলে; এপিগ্যাষ্ট্রীয়ম প্রদেশে হস্ত দ্বারা আঘাত করিলে; ঐ প্রদেশে ঠাণ্ডা বস্তু লাগাইলে; আহারের পর।

মলত্যাগের পূর্ব্বে—মলদ্বারে শীতানুভব; বেদনা।

মলত্যাগের সময়—মলদ্বারে কামড়ানী ও জ্বালা; শীতানুভব, বেদনা; মলদ্বারে চাপবোধ; কোঁথ দেওয়া।

মলত্যাগের পর—অল্প পরিমাণে মলত্যাগ ; (আমাশয়িক মল)।

আনুষঙ্গিক—বালকেরা অস্থির, ক্ষুণ্ণ ও রাগান্বিত হয়, মুখের বর্ণ মাটীর ন্যায় হয় অথবা রক্তসংযুক্ত বোধ হয় ; চক্ষুর চতুর্দ্দিকে সবুজবর্ণ গোলাকার দাগ পড়া, চক্ষু বিস্তৃত ও এক-দৃষ্টি এবং আলোক অসহ্য বোধ হয়। শিশুরা চক্ষু মুদ্রিত করে না।

প্রাতঃকালে মুখ হইতে পচা গন্ধ বাহির হইতে থাকে ; তিক্ত আস্বাদ, আহারে ও মুখে পচনের আস্বাদ; পিপাসা অল্প বা একেবারেই থাকে না ; অত্যন্ত ক্ষুধা ; মিষ্ট বস্তু খাইতে ইচ্ছা, রুটী, গরম সিদ্ধ বস্তু, মাংস, কফি ও তামাক খাইতে অনিচ্ছা ; ক্ষুধার সময় আহার না করিলে মাথা ধরে, কিন্তু খাইলেই মাথাধরার উপশম বোধ হয় ; অল্প পরিমাণে আহার করিলেই পাকাশয় পরিপূর্ণ হয় ও তলপেট ফাটিয়া যাইবে বোধ হয় ও স্ফীত হয় ; ঢেকুর উঠা, উদর বেদনাযুক্ত ও স্ফীত বোধ; টন টন করা; পরিধেয় বস্ত্র ঢিলা করা; তলপেট দুর্ব্বল বোধ।

প্রাতঃকালে বমনোদ্রেক, তলপেট বায়ুপূর্ণ বলিয়া স্ফীত ; পেটে ফুটফাট করে ; বামদিগের হাইপোকণ্ড্রিয়া বায়ুপূর্ণ থাকায় পেট গড় গড় করে, শিশুরা প্রস্রাব করিবার সময় কাঁদে, প্রস্রাবে লাল বালুকার ন্যায় ভাসে ; মূত্রকৃচ্ছ্র ; উরু ক্লান্ত ; কোন ভাবেই বসিয়া সুখ পাওয়া যায় না, পা ছড়াইতে এবং গুটাইতে ইচ্ছা হয় ; বিশ্রামসময়ে দুর্ব্বলতা ও ক্লান্তি বেশী বোধ হয় ; কিন্তু উঠিয়া হাঁটিয়া বেড়াইলে কম বোধ হয় ;

Scapula অস্থিদ্বয়ের মধ্যে গরম ; বার বার জাগিয়া উঠে বলিয়া নিদ্রা ভালরূপ হয় না ; শিশুরা ভয় পাইয়া লাফাইয়া উঠে এবং কেহ নিকটে আসিলে রাগান্বিত হইয়া চিম্‌টি কাটে। দুর্ব্বলতা ; স্নায়বিক দুর্ব্বলতা, শরীর শীর্ণ ; পদদ্বয় ঠাণ্ডা।

হোমিওপেথিক-আবিষ্কর্ত্তা মহাত্মা হানিমান এই ঔষধের বিশেষ প্রশংসা করিয়া গিয়াছেন। দুর্ব্বল (Chlorotic) ব্যক্তির এবং যাহাদিগের পেট সহজেই স্ফীত হয়, তাহাদিগের পুরাতন উদরাময় রোগে লাইকোপোডিয়ম একটী অত্যুৎকৃষ্ট মহৌষধ। উপরি-উক্ত লক্ষণ সকল অভিনিবেশপূর্ব্বক দেখিলে ইহার নির্দ্দিষ্ট লক্ষণ বুঝিতে পারা যায়।

মার্কুরিয়স কর।

(MERCURIUS COR.)

মল—রক্তসংযুক্ত চট্‌চটে ; দড়ির ন্যায় শ্লেষ্মাসংযুক্ত ; দুর্গন্ধ-বিশিষ্ট, অল্প পরিমাণে, বার বার মলত্যাগ, কেবল রক্ত ও আম।

বৃদ্ধি—দিবসে ও রাত্রিতে ; নড়িলে (বেদনা ও বেগ দেওয়া)।

মলত্যাগের সময়, পূর্ব্বে ও পরে—বার বার কোঁথ ও বেগ দেওয়া।

আনুষঙ্গিক—মুখমণ্ডল ও হাত শীতল ; নাড়ী মৃদুগতি ও দুর্ব্বল। ধারক ঔষধে ধাতুনির্ম্মিত বস্তুর ন্যায় স্বাদ। জিহ্বা ক্ষতযুক্ত ও লালবর্ণ, মুখে ঘা। লালানিঃসরণ। তলপেটের

নাভিপ্রদেশ শক্ত, স্ফীত ও চাপিলে লাগে। মূত্রনালীতে জ্বলনবৎ বেদনা ও প্রস্রাবের সহিত অথবা পরে রক্ত ও শ্লেষ্মা নির্গমন।

প্রস্রাব অল্প, উষ্ণ, রক্তসংযুক্ত, অথবা বদ্ধ।

অঙ্গ প্রত্যঙ্গে ক্ষত বোধ ও কম্পন। ক্লান্তি, দুর্ব্বলতা ও শীতবোধ।

রক্তাশয়ে রোগের প্রাবল্যসময়ে প্রস্রাবের উপরি-উক্ত লক্ষণ সমুদায় বর্ত্তমান থাকিলে মার্কুরিয়স কর অতি উৎকৃষ্ট ঔষধ। এই ঔষধ একোনাইটের পরই ব্যবহৃত হয়।

মার্কুরিয়স সল।

(MERCURIUS SOL.)

মল—গাঢ় সবুজবর্ণ, পিত্তবিশিষ্ট ও ফেনাযুক্ত; ধূসরবর্ণ, ঈষৎ নীল ও ধূসর বর্ণ মিশ্রিত; বর্ণহীন জলবৎ; ঈষৎ কৃষ্ণবর্ণ; পীত অথবা সাদাবর্ণ; জলবৎ ও তদুপরি ঈষৎ সবুজবর্ণ ফেনাযুক্ত, সাদা জলবৎ; রক্তবর্ণ শ্লেষ্মা-সংযুক্ত; সবুজবর্ণ চট্‌চটে; রক্তসংযুক্ত অথবা বিন্দু বিন্দু রক্তসংযুক্ত, গাঢ়; অজীর্ণ-বস্তু-মিশ্রিত; বার বার; অল্প পরিমাণে; দুর্গন্ধযুক্ত অথবা অম্লগন্ধযুক্ত।

বৃদ্ধি—সন্ধ্যাকালে শীতল বায়ুতে; রাত্রিতে; গ্রীষ্মকালে; দিবসে শিশুদিগের দন্তোদ্গমসময়ে; ঠাণ্ডা ও সেঁতসেঁতে বায়ুতে, মিষ্ট দ্রব্য আহারের পর।

হ্রাস—শুইয়া থাকিলে (বেদনা)।

মলত্যাগের পূর্ব্বে—বার বার অত্যন্ত বেগ দেওয়া; বমনোদ্রেক; তলপেটে কর্ত্তনবৎ ও চিমটি কাটার ন্যায় বেদনা; উদ্বেগ, কম্প ও ঘর্ম্ম এবং শীতল অথবা উষ্ণ বোধ। সর্ব্বশরীরে কম্পন।

মলত্যাগের সময়—বার বার অত্যন্ত বেগ দেওয়া; বমনেচ্ছা; ঢেকুর উঠা; চিমটী কাটার মত কর্ত্তনবৎ বেদনা ও বক্র হইয়া বসিয়া পড়া; মলদ্বারে জ্বালা; শীতানুভব; ললাটে উষ্ণ ঘর্ম্ম; কোঁথ দেওয়া ও চীৎকার করা।

মলত্যাগের পর—অত্যন্ত কোঁথ ও বেগ দেওয়া; মল নিঃসৃত হইয়া গেলেও হয় নাই বলিয়া বোধ হয়। কর্ত্তনবৎ ও চিমটী কাটার ন্যায় বেদনা; মলদ্বারের চতুর্দ্দিকে জ্বালা, চুলকানি ও ভারী বোধ; তলপেটের নিম্ন প্রদেশে সঙ্কোচন ভাব, যাহাতে রোগী প্রায় অচৈতন্য অবস্থা প্রাপ্ত হয়, তলপেটের নিম্নদেশে বেদনা হইয়া সেই বেদনা পৃষ্ঠদেশ পর্য্যন্ত উঠে। রেক্টম স্ফীত ও কাল এবং লালবর্ণ দেখা যায়।

আনুষঙ্গিক—সন্ধ্যাকালে চিন্তা ও অস্থিরতা, মুখ উজ্জ্বল ও কথা জড়ান, কোন কার্য্যে মনোনিবেশ হয় না ও হতবুদ্ধি হইয়া পড়া; মুখ ও জিহ্বা কম্পন জন্য তোৎলামী; মুখমণ্ডল ফেঁকাশে ও পীত বা মৃত্তিকার ন্যায় বর্ণবিশিষ্ট, চক্ষু ভারি, মাড়ী স্ফীত ও তাহা হইতে সহজে রক্তস্রাব, কোমল জিহ্বা স্ফীত, সাদা অথবা ঈষৎ পীতবর্ণ লেপযুক্ত এবং কাল। মুখে ঘা, অত্যন্ত লালা

নির্গমন হেতু মুখে দুর্গন্ধ, দন্ত বড় বোধ হয়, এবং হাত দিলে লাগে। তিক্ত বা পচা স্বাদ, মাখন খাইতে ইচ্ছা, অত্যন্ত ক্ষুধা, শীতল জল পানের অত্যন্ত ইচ্ছা, বমনোদ্রেক, ও তৎসঙ্গে মাথাঘোরা, দৃষ্টিশক্তির হ্রাস, উত্তপ্ত ভাব। বমন, কিন্তু আহারের পর থাকে না; পিত্ত কিম্বা তিক্ত শ্লেষ্মা বমন। তলপেটে কর্ত্তনবৎ ও খোঁচা-বেঁধার ন্যায় বেদনা, এবং রাত্রিতে বৃদ্ধি, হাইপোগ্যাষ্ট্রীয়ম প্রদেশের দক্ষিণ দিক্ হইতে বাম দিকে খোঁচাবেঁধার ন্যায় বেদনা, বেড়াইলে বৃদ্ধি; তলপেট স্পর্শ করিলে শীতল বোধ, যকৃৎপ্রদেশে বেদনা।

বার বার মূত্রত্যাগ, অথবা অল্প পরিমাণে ময়লাযুক্ত কিম্বা অধিক পরিমাণে অনিচ্ছায় মূত্রত্যাগ। অত্যন্ত দুর্ব্বলতা, একটু পরিশ্রম করিলে ঘর্ম্ম, শিশুরা সহজেই অস্থির হয় এবং পা গুটাইয়া থাকে ও ক্রন্দন করে। উরু এবং জঙ্ঘাদেশ ঠাণ্ডা ও চট্‌চটে, বিশেষতঃ রাত্রিতে; অঙ্গ প্রত্যঙ্গে বাতের ন্যায় বেদনা ও রাত্রিতে উহার বৃদ্ধি, রাত্রিতে অনিদ্রা কিন্তু দিবসে ঘুম পায়; উদ্বেগ ও নিদ্রা। মস্তকে রাত্রিতে তৈলাক্ত, দুর্গন্ধ ও অম্লগন্ধবিশিষ্ট ঘর্ম্ম, ও ললাট শীতল। নেবা বা পাণ্ডুরোগ। গ্রন্থি স্ফীত, পূঁয সঞ্চয়।

অন্যান্য ঔষধ অপেক্ষা এই ঔষধ অতি সাবধানের সহিত ব্যবহার করা কর্ত্তব্য। ইহার লক্ষণগুলি সুস্পষ্ট ও নির্দ্দিষ্ট এবং ইহা প্রায়ই রোগের প্রাবল্য অবস্থায় ব্যবহৃত হয়।

শিশুদিগের উদরাময়ে মার্কুরিয়স সল ক্যাল্‌কেরিয়া ও সাইলিসিয়ার সহিত ব্যবহার করা কর্ত্তব্য নহে।

লেট্রম্ মিউরিয়েটিকম্।

(NATRUM MUR .)

মল—কৃষ্ণবর্ণ জলবৎ, ঈষৎ সবুজবর্ণ জলবৎ, ধূসরবর্ণ; ডিম্বের সাদা অংশের ন্যায়, কিন্তু মল থাকে না; রক্তবর্ণ। অধিক পরিমাণে বেগে নির্গত হওয়া; দুর্গন্ধযুক্ত অনিচ্ছায় ও কোষ্ঠবদ্ধের পর মলত্যাগ।

বৃদ্ধি—দিবসে; আহারের পর; গ্রীষ্মকালে; নড়িলে চড়িলে।

মলত্যাগের পূর্ব্বে—পেট গড় গড় করে।

মলত্যাগের পর—দুর্ব্বলতা।

আনুষঙ্গিক—বিমর্ষ, সান্ত্বনা করিলে রাগান্বিত; গত কষ্টের বিষয়ে ভাবিতে ইচ্ছা; শিশুগণ কথা কহিলে রাগান্বিত হয়; মাথা ধরে ও দপ্ দপ্ করে; মুখমণ্ডল ফেঁকাশে ও উজ্জ্বল, ওষ্ঠ স্ফীত; জিহ্বা দাগযুক্ত।

মুখে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ ও উহা স্ফীত; মুখের কোণে ক্ষত ও ফাটা, মুখে ঘা; শিশুদিগের জিহ্বাতে ও গলনালীর পেশীর সম্পূর্ণ বর্দ্ধনাবস্থা না হওয়ায় কথা শিখিতে বিলম্ব হয়। আহারে আগ্রহ প্রকাশ; আহারে ঘৃণা বোধ; তিক্ত ও লবণাক্ত দ্রব্য বা লোণা মৎস্য খাইতে ইচ্ছা।

ক্ষুধামান্দ্য; মুখ শুষ্ক ও অসহ্য তৃষ্ণা; সন্ধ্যাকালে বৃদ্ধি; বমনোদ্রেক ও বমন; পাকাশয়ে যাতনা কিন্তু কাপড় আঁটিয়া পরিলে উপশম বোধ; তলপেট বায়ুপূর্ণ বলিয়া স্ফীত অথবা

পেট পড়িয়া থাকা ; প্রস্রাবে লালবর্ণ সেডিমেণ্ট জমা ; কাশিলে, বেড়াইলে, হাসিতে গেলে ও রাত্রিতে অনিচ্ছায় মূত্রত্যাগ ; ভয়ানক পৃষ্ঠবেদনা কিন্তু চাপিয়া ধরিলে বা চিৎ হইয়া শুইলে উপশম বোধ ; নিদ্রালুতা কিন্তু নিদ্রা হয় না ; আরামশূন্য নিদ্রা, মধ্যে মধ্যে স্বপ্ন দেখা ; স্বপ্নে বোধ হয় যেন ঘরে চোর আসিয়াছে। পায়ের সন্ধিস্থান দুর্ব্বল ও সহজেই বাঁকিয়া যায়। গ্রন্থি স্ফীত, শরীর শীর্ণ ; বিশেষতঃ গলদেশ অত্যন্ত সরু হইয়া যায় ও কাঁপে।

শিশুদিগের পুরাতন উদরাময় রোগে নেট্রম মিউরিয়েটিকম বিশেষ কার্য্যকরী হয়। গলা সরু হইয়া যাওয়া, মুখ উষ্ণ (ভারি) এবং আহারের বিশেষ ইচ্ছা এবং অনিচ্ছা এই ঔষধের নির্দ্দিষ্ট লক্ষণ।

নেট্রম সলফিউরিকম্।

(NATRUM SULPH.)

মল—পাতলা, হরিদ্রাভ জলবৎ। হরিদ্রাভ সবুজ। মূত্রত্যাগকালে, কিম্বা বায়ুনিঃসরণসময়ে, অসাড়ে মলত্যাগ হয়। বারম্বার বেদনাবিহীন মলত্যাগ।

বৃদ্ধি—প্রাতঃকালে (নিদ্রা হইতে উঠিয়া ইতস্ততঃ ভ্রমণের পরে), বৃদ্ধ স্ত্রীলোকদিগের, দিবসে, আর্দ্র ঋতুতে, আর্দ্র গৃহে বাস করিলে, শীতল সান্ধ্য সমীরণ সেবনে।

হ্রাস—আহারান্তে ও বহির্ব্বায়ু সেবনে।

মলত্যাগের পূর্ব্বে—পেট আঁটিয়া ধরার ন্যায় বেদনা, উহা বক্ষঃস্থল পর্য্যন্ত বিস্তৃত হয়। পেটে ও কোমরে চিম্‌টি কাটার ন্যায় বেদনা। ভয়ানক পেটবেদনা ও পেট গড় গড় করা।

মলত্যাগের সময়—মলদ্বারে জ্বালা, অত্যন্ত বায়ু নিঃসরণ।

মলত্যাগের পর—প্রফুল্ল ও আহ্লাদিত ভাব, পেটবেদনার হ্রাস; মলদ্বারে জ্বালা।

আনুষঙ্গিক—সন্ধ্যাকালে পিপাসা; অম্ল উঠে ও বুক জ্বালা করে। তিক্ত আস্বাদ। পেটে অত্যন্ত গ্যাস জমিয়া পেট ফাঁপে ও বেদনা হয়, রাত্রিকালে বায়ু নিঃসৃত হয়; পেটের বেদনা মধ্যাহ্নে ও আহারের পূর্ব্বে বৃদ্ধি হয়; যকৃতের স্থানে খোঁচাবিদ্ধবৎ বেদনা হয়; যকৃৎ স্ফীত ও স্পর্শ করিলে বেদনা করে; দীর্ঘ নিঃশ্বাস ফেলিতে ইচ্ছা; নখের চারি ধার স্ফীত ও প্রদাহিত।

নেট্রম সল্‌ফ্‌ পুরাতন উদরাময় রোগের একটী অত্যুৎকৃষ্ট ঔষধ; বিশেষতঃ প্রাতঃকালে পীড়ার বৃদ্ধি হইলে। নখের চারি ধার প্রদাহিত ও স্ফীত হওয়া এই ঔষধের একটী নির্দ্দিষ্ট লক্ষণ বলিয়া গণ্য।

নক্স ভমিকা।

(NUX VOMICA.)

মল—পাতলা, ঈষৎ ধূসরবর্ণ, আমসংযুক্ত, পাতলা রক্ত ও আমসংযুক্ত; পাতলা সবুজবর্ণ আম মিশ্রিত; পাতলা কাল

মলসংযুক্ত ; কাল জলবৎ ; ধূসরবর্ণ জলবৎ ; কোষ্ঠবদ্ধের পর উদরাময় ; বার বার, অল্প পরিমাণে, দুর্গন্ধ বা তীব্র গন্ধযুক্ত, অনিচ্ছায় মলত্যাগ।

বৃদ্ধি—স্ত্রী-সংসর্গের পরে, অধিক পরিমাণে মদ্যপানের পর ; তীব্র ঔষধ অথবা দীর্ঘ কাল ঔষধ সেবনের পর ; শিশু-দিগের খাদ্য পরিবর্ত্তনের পর ; রাত্রি জাগরণে ; পাণ্ডু রোগে আক্রান্ত হইলে ; ঠাণ্ডা লাগাইলে ; প্রাতঃকালে ; অধিক মানসিক পরিশ্রমে ; রাগান্বিত হইলে ; ব্রাণ্ডি খাইলে (বেদনা) ; দিবসে।

মলত্যাগের পূর্ব্বে—নাভিপ্রদেশে কর্ত্তনবৎ বেদনা ; পৃষ্ঠে বেদনা, বোধ হয় যেন ভাঙ্গিয়া যাইবে ; বার বার বৃথা মল নিঃসরণের বেগ।

মলত্যাগের সময়—কর্ত্তনবৎ বেদনা ; পৃষ্ঠবেদনা ; অত্যন্ত কোঁথ দেওয়া।

মলত্যাগের পর—বেদনা ও বেগ দেওয়ার নিবৃত্তি ; মলদ্বারে পুড়িয়া যাওয়ার ন্যায় বেদনা ; বোধ হয় যেন আরও মল নির্গত হইবে।

আনুষঙ্গিক—খিট খিটে ভাব ; আলো, শব্দ, ও তীব্র গন্ধ অসহ্য বোধ ; মাথাধরা ; মুখমণ্ডল ও চক্ষু পীতবর্ণ ; মুখ ফেঁকাশে ; মাটী স্ফীত ও রক্ত নির্গমন ; মুখ হইতে দুর্গন্ধ বাহির হয় ; জিহ্বা ময়লা ও পুরু লেপযুক্ত ; পিপাসা ; ক্ষুধামান্দ্য ; আহারে, জলপানে ও তামাকে অনিচ্ছা। চাথড়ী, ব্রাণ্ডি ও গরম তৈলযুক্ত খাদ্য গ্রহণের ইচ্ছা। পচা, তিক্ত ও

অম্ল আস্বাদ, হিক্কা; প্রাতঃকালে ও আহারের পর বমনেচ্ছা; কোমরে কাপড় আঁটিয়া রাখিতে পারা যায় না। চিমটি কাটার ন্যায় বোধ; কর্ত্তনবৎ ও চাপিয়া ধরার ন্যায় বেদনা। তলপেট ভারি ও তন্মধ্যে ক্ষত হওয়ার ন্যায় বেদনা। তলপেট বায়ুপূর্ণ বোধ।

প্রস্রাবত্যাগের বৃথা চেষ্টা ও বেদনা। বার বার প্রস্রাবের বেগ হওয়া। দিবসে ও আহারের পর নিদ্রালুতা। রাত্রি ২টা কি ৩টার সময় জাগিয়া ১ ঘণ্টা কি ২ ঘণ্টা সচেতন থাকিয়া অঘোরে নিদ্রা ও নিদ্রাভঙ্গ হইতে বেলা হয়। নিদ্রা হইতে উঠিয়া শরীর ক্লান্ত ও অসুস্থ বোধ। পাকাশয়ে দুর্ব্বলতা; শরীর দুর্ব্বল বোধ; বসিয়া অথবা শুইয়া থাকিতে ইচ্ছা; খোলা বায়ুতে ও বায়ু প্রবাহে থাকিতে পারা যায় না। মুখ রক্তবর্ণ, শরীর উত্তপ্ত ও ঢাকিয়া রাখিতে গেলে কষ্ট বোধ হয়। শরীর শীর্ণ ও Chlorosis।

নক্সভমিকা রক্তামাশয় রোগের একটী প্রধান ঔষধ। উপরি-উল্লিখিত মলের আকার ও আনুষঙ্গিক লক্ষণসমূহের প্রতি লক্ষ্য রাখিয়া ইহা প্রয়োগ করিতে হয়। অল্প অল্প জ্বর, তৎসঙ্গে কোষ্ঠবদ্ধ, উদরাময়, পাণ্ডুরোগ, Chlorosis প্রভৃতি বর্ত্তমান থাকিলে এই ঔষধের কার্য্যকারিতা সুস্পষ্ট প্রতীয়মান হয়। পাণ্ডুরোগে অন্যান্য সহকারী উপসর্গ থাকিলে এই ঔষধে বিশেষ উপকার হয়। কোষ্ঠবদ্ধ থাকিলে নক্সভমিকা ব্যবহৃত হয় বলিয়া উদরাময় রোগে ইহাকে উপেক্ষা করা কোন মতেই উচিত নহে।

ওপিয়ম্।

(*OPIUM.*)

মল—জলবৎ ; তরল ; ফেনাযুক্ত কাল। অনিচ্ছায় দুর্গন্ধ-পূর্ণ মলত্যাগ।

বৃদ্ধি—ভয়ের পর ; হঠাৎ আহ্লাদের পর ; টাইফয়েড জ্বরের পর।

মলত্যাগকালে—মলদ্বারে জ্বালা ; কোঁথ দেওয়া।

আনুষঙ্গিক—নিদ্রালুতা ; বমন ও মলত্যাগ না হওয়া ; নিদ্রালুতা ও অগলোযোগ ; নিদ্রাবিহ্বলতা ও নাক ডাকা ; অর্দ্ধমুদ্রিত নেত্রে নিদ্রা ; কনীনিকা আকুঞ্চিত অথবা ঢপ ঢল করা ; অজ্ঞানাবস্থায় বিড় বিড় করিয়া বকা ; আলস্য, নিদ্রা-হীনতা ও সভয় দৃষ্টি ; অতিশয় নিদ্রা-প্রবণতা, কিন্তু ঘুমাইতে পারা যায় না ; মুখমণ্ডল রক্তবর্ণ, উত্তপ্ত, ফেঁকাশে ও মাটীর বর্ণের ন্যায় বর্ণবিশিষ্ট এবং বসিয়া যাওয়া ; মুখ শুষ্ক ; আহারে অনিচ্ছা ; বমনোদ্রেক। প্রস্রাব অল্প অল্প, অথবা একেবারেই বন্ধ হয়। নাড়ী ক্ষীণ ও পূর্ণ। অত্যন্ত ঘর্ম্ম, খেঁচুনী ও ভয়প্রযুক্ত চীৎকার ; তৎপরে নিদ্রালুতা। মূর্চ্ছা যাওয়া ও উঠিলে উহার বৃদ্ধি ; শীঘ্র শীঘ্র শীর্ণ হইয়া পড়া।

টাইফয়েড জ্বরে উদরাময় থাকিলে ওপিয়ম বিশেষ উপযোগী। শিশুদিগের উদরাময় রোগের শেষ অবস্থায় উপরের লিখিত লক্ষণসমূহ ও খেঁচুনী থাকিলে ইহাতে কখন কখন উপকার দর্শিয়া থাকে।

ফস্ফরস্।

(PHOSPHORUS.)

মল—সবুজবর্ণ আম ; সাদা আম ; সাদা জলবৎ ; সবুজবর্ণ জলবৎ ; পীতবর্ণ জলবৎ ; পিত্তসংযুক্ত জলবৎ এবং তৎসঙ্গে সাদা আম ও চর্ব্বির ন্যায় গুটি গুটি পদার্থ ; অজীর্ণ-দ্রব্য মিশ্রিত ; রক্তসংযুক্ত ; তরল, ধূসরবর্ণ ; গাঢ় ও রক্তসংযুক্ত ; মলদ্বার খোলা থাকায় সর্ব্বদা মল নির্গমন ; (সবুজ ও রক্তসংযুক্ত), মাংস ধোয়া জলের ন্যায় রক্তবর্ণ জলবৎ ; পরিমাণে অধিক ; কোষ্ঠবদ্ধের পর মলত্যাগ ; উত্তপ্ত ; কিঞ্চিৎ নড়িলে অথবা কাশিলে অনিচ্ছায় মলত্যাগ ; বেগ রহিত হওয়া। দুর্গন্ধ, অম্লগন্ধ, তীব্রগন্ধবিশিষ্ট মল।

বৃদ্ধি—প্রাতঃকালে, দিবসে ও রাত্রিতে ; ক্ষীণ ও দুর্ব্বল লোকদিগের ; বাম পার্শ্বে শয়ন করিলে, গরম বস্তু আহারের পর ও স্তন্য পান করিলে ; সূতিকা-গৃহে ও গর্ভাবস্থায়।

হ্রাস—বরফ, কুল্পি, অথবা ঠাণ্ডা বস্তু ভোজনে (তলপেটের লক্ষণ সকল) ; নিদ্রা হইতে উঠিলে, দক্ষিণ পার্শ্বে শয়ন করিলে।

মলত্যাগের পূর্ব্বে—পেট ডাকা, বেদনা, উত্তাপ বা শীতলতা, হঠাৎ বেগ দেওয়া।

মলত্যাগের সময়—তলপেটে খোঁচাবেঁধার ন্যায় ; অর্শে হারিশ বাহির হইয়া পড়া ; কক্সিক্স হইতে ইণ্টারস্ক্যাপিউলা

প্রদেশ পর্য্যন্ত বেদনা এবং উহা মাথার উপর পর্য্যন্ত বিস্তৃত হয়।

মলত্যাগের পর—মলদ্বারে জ্বালা ; কোঁথ দেওয়া ; তলপেট শূন্য বোধ ; দুর্ব্বলতা এত অধিক হয় যে, শুইয়া থাকিতে হয় ; শীঘ্র শীঘ্র দুর্ব্বল হইয়া পড়া ; মূর্চ্ছা।

আনুষঙ্গিক—উত্তেজনা ; মুখমণ্ডল ফেঁকাশে ও পরিবর্ত্তনশীল। চক্ষু কোটরে পড়া ও তাহার চতুর্দ্দিকে গোল নীল দাগ পড়া ; জিহ্বা শুষ্ক, সাদা, পরিষ্কার, লালাযুক্ত ও ফাটা ; জিহ্বার মধ্যস্থল শুষ্ক, রক্তের ছিটা দৃষ্ট হয় ; রাত্রিতে ভয়ানক ক্ষুধা ও আহার না করিলে অত্যন্ত দুর্ব্বলতা ; ক্ষুধামান্দ্য ; শীতল জলপানের ইচ্ছা, আহারের পর মিষ্ট, লবণাক্ত, অম্ল ও তিক্ত আস্বাদ ; পানীয় বস্তু পেটে গিয়া উত্তপ্ত হইলেই বমন হইয়া উঠিয়া যায় ; কিন্তু বরফ অথবা শীতল বস্তু আহারে বা ঠাণ্ডা জল পানে উপশম বোধ হয়। পাকাশয়ে জ্বালা ; বুকজ্বালা ; তিক্ত ও উত্তপ্ত খাদ্য দ্রব্য উদ্গিরণ ; তলপেট স্ফীত ; তলপেটে দুর্ব্বলতা বোধ ও জ্বালা করা ; দুর্গন্ধযুক্ত বায়ুনিঃসরণ ; মলদ্বার ফাঁক হইয়া থাকা, হাতের তেলোতে জ্বালা।

অধিক পরিমাণে ফেঁকাশে জলবৎ প্রস্রাব হওয়া ; শীর্ণতা ; স্নায়বিক দুর্ব্বলতা ; ইন্দ্রিয়ের উত্তেজনা ; দিবসে আহারের পর নিদ্রালুতা ; দুই প্রহর রাত্রির পূর্ব্বে নিদ্রা আইসে ; গরম বোধে বার বার জাগিয়া উঠা ; রাত্রিতে অত্যন্ত ঘর্ম্ম ; গ্রন্থি স্ফীত।

ফস্‌ফরসের মলের গুটি গুটি চর্ব্বির ন্যায় লক্ষণ ভিন্ন অন্য কোন বিশেষ লক্ষণ দৃষ্ট হয় না। আনুষঙ্গিক অবস্থা প্রায় সর্ব্বাদই অল্প বা বেশী পরিমাণে বর্ত্তমান থাকে। তৎকালে কয়েক মাত্রা ঔষধ প্রয়োগে আশ্চর্য্য উপকার হইতে দেখা যায়। পুরাতন উদরাময় রোগে এই ঔষধ বিশেষ উপযোগী। রোগী পূর্ব্বে এলোপেথিক চিকিৎসাধীনে থাকিলে তাহাকে প্রথমতঃ নক্সভমিকা উচ্চ ডাইলিউসন এক মাত্রা সেবন করাইয়া তৎপরে ফস্‌ফরস সেবনের ব্যবস্থা করা উচিত।

ফস্ফরিক এসিড।

(PHOSPHORIC ACID.)

মল—ঈষৎ সাদাবর্ণ জলবৎ ও তৎসঙ্গে ময়দার ন্যায় সেডিমেণ্ট, পাতলা পীতবর্ণ মল; ময়লা সাদাবর্ণ মল; অপরিপক্ক; সবুজ ও সাদা আম। বায়ুনিঃসরণ হইবার সময় অনিচ্ছায় মল নির্গত হওয়া; ক্লেশশূন্য ও অত্যন্ত দুর্গন্ধযুক্ত মলত্যাগ।

বৃদ্ধি—টাইফয়েড জ্বরকালে; মানসিক কষ্টে; অম্ল বস্তু আহারে; শরীরের জলীয় অংশ নষ্ট হইলে; শীঘ্র শীঘ্র বৃদ্ধি প্রাপ্ত হয় এরূপ বালকদিগের; রাত্রিতে ও প্রাতঃকালে; আহারের পরে।

মলত্যাগের সময়—অধিক পরিমাণে বায়ুনিঃসরণ।

আনুষঙ্গিক—অমনোযোগ; প্রলাপ; আবল্য; নিদ্রালুতা,

দুর্ব্বল ও ফেঁকাশে চেহারা; চক্ষু ছল ছল করা; নাড়ী স্ফীত ও তাহা হইতে সহজে রক্ত নির্গত হওয়া; জিহ্বা চট্‌চটে ও শ্লেষ্মায় পরিপূর্ণ; ক্ষুধা অত্যন্ত প্রবল; অত্যন্ত পিপাসা; রসাল বস্তু খাইবার ইচ্ছা; মুখ শুষ্ক ও ফেনাযুক্ত, চট্‌চটে শ্লেষ্মা নির্গমন; তলপেট স্ফীত; পেট গড়গড় করা ও নিঃশব্দে বায়ু নিঃসরণ; বার বার ফেঁকাশে জলবৎ মূত্রত্যাগ। রাত্রিতে অত্যন্ত ঘর্ম্ম। কনুই ও হাতে খিলধরা।

